জাহেলিয়াতের তিমিরে আচ্ছাদিত ও দাজ্জালী ফেতনায় নিপতিত
পথহারা উম্মাহকে সঠিক পথে উদ্ভাসিত করতে...

আঁধার রাতের আলো

মুফতি আলাউদ্দীন
[হাফিজাহুল্লাহ]

ভূমিকা

ইন্নাল হামদা লিল্লাহি রাব্বিল মুজাহিদীন। ওয়াস সালাতু ওয়াস সালামু আলা রাসূলিল্লাহি আমীরিল মুকাতিলীন। আম্মা বা'দ,

যুগ পরম্পরায় চলমান ইসলামী ইতিহাসের প্রতি দৃষ্টি দিলে যে বিষয়টি দারুনভাবে কষ্ট দেয়, মন ব্যথিত হয়, তা হচ্ছে; সর্বকালেই ইসলামের শত্রুরা ইসলাম ধর্মকে বিকৃত করে, মুসলিম জাতির মধ্যে দলাদলি/বিভক্তি সৃষ্টি করে ধর্মীয় ও আর্থিক দিক দিয়ে মুসলিম জাতিকে দূর্বল করার ষড়যন্ত্রে লিপ্ত। শুধু তাই নয়, এ বিষয়ে উম্মাহর যথাযথ মনোযোগহীনতার সুযোগে তারা কিছু নামধারী, স্বার্থান্বেষী আলেম ও পীর-ফকিরকে বেছে নিয়েছে। যারা তাদের শিরকী-কুফরী চিন্তা-চেতনা ও বিশ্বাসকে উম্মাহর মাঝে চতুরতার সাথে ঢুকিয়ে দেয়ার মারাত্মক প্রয়াস চালাচ্ছে।

কোরআন হাদীসের অপব্যাখ্যা করে সমাজকে বিভ্রান্তির মাঝে ফেলে দিচ্ছে। সর্বমহলে ইসলামী বিধানের উদ্ভট ব্যাখ্যা বিশ্লেষণের প্রবণতা মারাত্মকভাবে শুরু হচ্ছে। ফলে উম্মাহ যেন সঠিক ধর্মের স্বকীয়তা হারিয়ে ভিন্ন কোন জাতিতে পরিণত হচ্ছে। উম্মাহ আসল শত্রুর মোকাবেলার চিন্তা ঝেড়ে ফেলে নিজেদের মাঝে কাঁদা ছোড়াছোড়ি ও বিরোধ উসকে দিতেই বেশি আগ্রহী। উম্মাহর রাহবার আলেম শ্রেণীর মাঝেও ইসলামের মৌলিক বিষয় ঈমান-আকীদা রক্ষার পরিবর্তে মুসলমানদের মধ্যকার শাখাগত মতবিরোধকে উসকে দিয়ে তৃপ্তির ঢেকুর তুলছেন। শরীয়াহ প্রতিষ্ঠার বিপরীতে নিজেকে প্রতিষ্ঠার লালসাই প্রকট হয়ে ওঠেছে। একদিকে উম্মাহ নিজেদের আভ্যন্তরীন মতবিরোধে জড়িয়ে পড়ছে, অন্যদিকে বহিরাগত সবরকম আগ্রাসনের দরজা উন্মোক্ত হয়ে পড়ছে। সেখানে না আছে কোন দারোয়ান, নাকিব, বা কোন প্রহরী।

আজ মুসলিম উম্মাহ যেন ফিতনার ঘোর আঁধারে পথহারা পথিক। আর এ পথভোলা পথিককে সঠিক পথের সন্ধান দিতেই **"আঁধার রাতের আলো"** নামক বইয়ের আত্মপ্রকাশ। আশা করি আল্লাহ তায়ালার অফুরন্ত দয়া ও সাহায্যে এই বইটি মুসলিম উম্মাহর মাঝে সত্য সন্ধানী চোখগুলোকে সঠিক পথের দিশা দিতে বিশেষ ভূমিকা পালন করবে। এই বইটি তার উদ্দেশ্য পূরণে শতভাগ সফল হোক। মহান রব্বে কারীমের

দরবারে এই মিনতিই করি। এবং জান্নাতুল ফিরদাউসের সুউচ্চ মাকাম প্রার্থনা করি ঐ সকল ভাইদের জন্য যারা বিভিন্ন উপায়ে আন্তরিকভাবে মেহনত করে বইটি আত্মপ্রকাশে সাহায্য করেছে।

দুনিয়াবী ব্যস্ততা ও প্রতিকূলতার দরুণ বইটির পেছনে বেশী সময় ব্যয় করতে পারিনি। এটা আমারই দূর্বলতা। পাঠক মহলে কোন ভুলত্রুটি দৃষ্টিগোচর হলে অবগত করলে পরবর্তী সংস্করণে শুধরে নেয়ার সকৃতজ্ঞ পৃতিশ্রুতি রইলো। পাঠকদের কাছে একটি বিনীত অনুরোধ রইলো, প্রত্যেকে নিজ নিজ শক্তি সামর্থ অনুযায়ী, একমাত্র আল্লাহর সন্তুষ্টির আশায়, দ্বীনী খিদমত হিসেবে, এর প্রচার প্রসারের নিয়তে নিজে পড়ুন ও অপরকে পড়তে উদ্বুদ্ধ করুন। আল্লাহ আমাদেরকে জান্নাতে একত্র হয়ে আনন্দ ফূর্তি করার তাওফীক দান করুন। আমীন।।

ইন্‌তিসাব

যারা দ্বীনের খাতিরে বুকের তাজা রক্ত ঢেলে দিয়ে ই'লায়ে কালিমাতিল্লাহ করতে চায়, যেন হাশরের মাঠে ক্ষত-বিক্ষত, রক্তমাখা দেহ নিয়ে রবের সামনে হাজির হয়ে বলতে পারে, "ইয়া রব্ব! দ্বীনের ক্রান্তিলগ্নে ঘরের কোনে বসে না থেকে তোমার সন্তুষ্টির জন্য দুনিয়া বিসর্জন দিয়েছি। আজ আমাদের ক্ষমা করে আমার প্রতি সন্তুষ্ট হয়ে যাও।" তাদের বিজয় ও মর্যাদা বুলন্দির প্রত্যাশায়।

বিনীত
আলাউদ্দীন

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

مَنۡ عَمِلَ صَالِحًا مِّنۡ ذَكَرٍ اَوۡ اُنۡثٰى وَ هُوَ مُؤۡمِنٌ فَلَنُحۡيِيَنَّهٗ حَيٰوةً طَيِّبَةً ۚ وَلَنَجۡزِيَنَّهُمۡ اَجۡرَهُمۡ بِاَحۡسَنِ مَا كَانُوۡا يَعۡمَلُوۡنَ ﴿٩٧﴾

অর্থ. পুরুষ ও নারীর মধ্যে যে কেউ মুমিন অবস্থায় সৎকর্ম করবে, তাকে আমি অবশ্যই আনন্দময় জীবন দান করবো। এবং তাদেরকে নিজ নিজ আমলের শ্রেষ্ঠ পুরস্কার দান করবো।

[সূরা নাহল-৯৭]

সূচীপত্র

বিষয়	নাম্বার

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন-

عنْ عِمْران بْنِ حُصيْن قال قال رسُولُ اللهِ صلّى اللهُ عليْهِ وسلّم لا تزالُ طائِفةٌ مِنْ أُمّتِي يُقاتِلُون على الْحقِّ ظاهِرِين على منْ ناوأهُمْ حتّى يُقاتِل آخِرُهُمُ الْمسِيح الدّجّال

অর্থ. ইমরান ইবনে হুসাইন (রাযি.) থেকে বর্ণিত। তিনি বলেন রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেছেন, আমার উম্মতের একটি দল হক্বের উপর প্রতিষ্ঠিত থেকে কাফেরদরে বিরুদ্ধে লড়াই করে যাবে। তাদের প্রতিপক্ষের উপর বিজয়ী থাকবে। তাদের সর্বশেষ দলটি দাজ্জালের সাথে লড়াই করবে।

[সুনানে আবু দাউদ হাদীস নং-২১২৫]

بسم الله الرحمن الرحيم

খাঁটি ঈমানই নাজাতের চাবিকাঠি

মানুষের সবচেয়ে মূল্যবান সম্পদ ও আল্লাহ প্রদত্ত সবচেয়ে বড় নিয়ামত হলো "ঈমান"। সারা জীবনের সকল নেক আমল কবুল হওয়াটা নির্ভর করে নির্ভেজাল ঈমানের উপর। ঈমান যদি কুফর-শিরক মুক্ত ও খালেছ হয়, কেবল সেই ঈমানই আল্লাহর নিকট গ্রহণযোগ্য হবে। সফল হবে তার জীবন, পাবে চিরস্থায়ী সুখময় জান্নাত, উপভোগ করতে পারবে জান্নাতী নায নেয়ামত।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

مَنْ عَمِلَ صَالِحًا مِّنْ ذَكَرٍ اَوْ اُنْثٰى وَ هُوَ مُؤْمِنٌ فَلَنُحْيِيَنَّهٗ حَيٰوةً طَيِّبَةً ۚ وَ لَنَجْزِيَنَّهُمْ اَجْرَهُمْ بِاَحْسَنِ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٩٧﴾

অর্থ. পুরুষ ও নারীর মধ্যে যে কেউ মুমিন অবস্থায় সৎকর্ম করবে, তাকে আমি অবশ্যই আনন্দময় জীবন দান করবো। এবং তাদেরকে নিজ নিজ আমলের শ্রেষ্ঠ পুরস্কার দান করবো। [সূরা নাহল-৯৭]

আর যদি ঈমান হয় কুফর-শিরক যুক্ত, সে ঈমান মহান আল্লাহর দরবারে গ্রহণযোগ্য হবে না। ব্যর্থ হবে তার জীবন, যাবে চিরস্থায়ী শাস্তির জাহান্নামে, ভোগ করতে হবে জাহান্নামের কষ্ট আযাব। সে কখনোই আল্লাহর সাহায্য পাবেনা।

মহান আল্লাহ ইরশাদ করেন-

وَمَنْ يَّكْفُرْ بِالْاِيْمَانِ فَقَدْ حَبِطَ عَمَلُهٗ ۡ وَهُوَ فِي الْاٰخِرَةِ مِنَ الْخٰسِرِيْنَ ﴿٥﴾

অর্থ. যে ব্যক্তি ঈমানের সাথে কুফরী করবে, তার জীবনের সকল আমল নিস্ফল হয়ে যাবে। এবং সে পরকালে সম্পূর্ণরুপে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। [সূরা মায়েদা-৫]

مَنْ يُّشْرِكْ بِاللّٰهِ فَقَدْ حَرَّمَ اللّٰهُ عَلَيْهِ الْجَنَّةَ وَ مَاْوٰىهُ النَّارُ ؕ وَ مَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ

অর্থ. যে ব্যক্তি আল্লাহর জাত (সত্তা) ও সিফাতের (গুণাবলী) সাথে অন্য কাউকে অংশীদার স্থাপন করবে, মহান আল্লাহ তায়ালা তার জন্য জান্নাত হারাম করে দিবেন এবং তার বাসস্থান হবে জাহান্নাম। এরূপ অত্যাচারীদের জন্য কোন সাহায্যকারী নেই। [সূরা মায়েদা-৭২]

এ কেমন আজীব মুমিন!

বর্তমান সমাজে অনেক মানুষ এমন আছে যারা আল্লাহপ্রদত্ত জীবন ব্যবস্থার বিরুদ্ধে প্রকাশ্য যুদ্ধ ঘোষণা করেও নিজেকে ঈমানদ্বার দাবী করে। মন্দির উদ্ভোধন করে, মূর্তীর প্রশংসা করে, দলের মুহাব্বতে আল্লাহ ও তার রাসূলের বিরদ্ধে কথা বলে, বলাকে সমর্থন করে, ধর্ম নিরপেক্ষতার পক্ষাবলম্বন করে, মহান আল্লাহর স্পষ্ট বিধান ও রাসূলের উত্তম আদর্শকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অস্বীকার করে, কাফেরদের সাথে অন্তরঙ্গ বন্ধুত্ব করে, খাঁটি মুমিনদের সাথে শত্রুতা পোষণ করে, কুরআন-সুন্নাহ বিরোধী আইন রচনা করে, কুফরী গণতন্ত্রের একনিষ্ঠ ধারক-বাহক হয়ে, দর্গা বা মাজারে মান্নত বা সিজদা করে, আল্লাহর জাত (সত্বা) ও ছিফাত (গুণ) এর সাথে অন্য কোন ব্যক্তি বা বস্তুকে শরীক সাব্যস্ত করে, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হাজির-নাজির, গায়েবের খবরদার, মাটির সৃষ্টি নয়; নূরের সৃষ্টি ইত্যাদি আরো বহু ভ্রান্ত আকিদা রেখেও নিজেকে ঈমানদার দাবী করে।

ঈমানের সঠিক সংজ্ঞা জানা আবশ্যক

এর কারণ হলো, তাদের কাছে ঈমানের সঠিক সংজ্ঞা বা পরিচয় জানা নেই। ফলে ভ্রান্ত পথে থেকেও নিজেকে ঈমানদার হিসাবে জানে। অতএব আমলের পূর্বে ঈমানের সঠিক সংজ্ঞা ও পরিচয় জানা একান্ত জরুরী। ঈমান কাকে বলে? তার অনুষঙ্গ কি? এই সম্পর্কে নিম্নে আলোকপাত করা হলো, ঈমানের শাব্দিক অর্থ "বিশ্বাস করা"। পরিভাষায় ঈমান বলা হয়,

أنه تصديق بالجنان وإقرار باللسان وعمل بالأركان

ওহীয়ে মাতলু অর্থাৎ কুরআনের প্রত্যেক আয়াত এবং ওহীয়ে গায়রে মাতলু অর্থাৎ প্রমাণিত ও প্রতিষ্ঠিত প্রতিটি সহীহ হাদীসকে সন্দেহাতীতভাবে সত্যরূপে অন্তর দিয়ে বিশ্বাস করা, মুখ দ্বারা স্বীকার করা ও সেই অনুযায়ী (সুন্নত তরিকায়) আমল করা।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

وَمَآ اٰتٰىكُمُ الرَّسُوْلُ فَخُذُوْهُ ۚ وَمَا نَهٰىكُمْ عَنْهُ فَانْتَهُوْا ۚ

অর্থ. রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তোমাদের কছে যেই শরীয়ত এনেছেন (কুরআন, হাদিস) তা গ্রহণ কর। আর যা হতে নিষেধ করেছেন তা থেকে বিরত থাকো। [সূরা হাশর-৭]

وَ قُوْلُوْۤا اٰمَنَّا بِالَّذِیْۤ اُنْزِلَ اِلَیْنَا وَ اُنْزِلَ اِلَیْكُمْ وَ اِلٰهُنَا وَ اِلٰهُكُمْ وَاحِدٌ وَّ نَحْنُ لَهٗ مُسْلِمُوْنَ۝۴۶

অর্থ. তোমরা বলো, আমরা ঈমান আনলাম তার উপর যা আমাদের ও তোমাদের প্রতি নাযিল হয়েছে। আমাদের ও তোমাদের ইলাহ একজনই। আমরা তার সকল বিধানের সামনে আত্মসমর্পণকারী। [সূরা আনকাবুত-৪৬]

পরিস্থিতি অনুকূল হোক বা প্রতিকুল, সর্বাবস্থায় ঈমানের উপর দৃঢ় থাকা জরুরী।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

فَاسْتَقِمْ كَمَاۤ اُمِرْتَ وَ مَنْ تَابَ مَعَكَ وَ لَا تَطْغَوْا ؕ اِنَّهٗ بِمَا تَعْمَلُوْنَ بَصِیْرٌ۝۱۱۲ وَ لَا تَرْكَنُوْۤا اِلَی الَّذِیْنَ ظَلَمُوْا فَتَمَسَّكُمُ النَّارُ ۙ وَ مَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ اَوْلِیَآءَ ثُمَّ لَا تُنْصَرُوْنَ۝۱۱۳

অর্থ. আপনি দ্বীনের পথে দৃঢ়ভাবে সোজা চলতে থাকুন, যেভাবে আপনি আদিষ্ট হয়েছেন। আর যারা কুফরী হতে তাওবা করে আপনার সাথী হয়েছে, তারাও দ্বীনের পথে দৃঢ় থাকুক। তোমরা আল্লাহ তায়ালার নির্ধারিত সীমারেখা অতিক্রম করবে না। কেননা তিনি তোমাদের প্রতিটি কার্যকলাপ লক্ষ্য করছেন। আর তোমরা যালিমদের প্রতি ঝুঁকে পড়ো না। অন্যথায় তোমাদেরকে জাহান্নামের আগুনে স্পর্শ করবে। আল্লাহ ছাড়া তোমাদের

আর কোন অভিভাবক নেই। (আল্লাহ ছাড়া অন্য কাউকে অভিভাবক বানালে) তোমাদেরকে সাহায্য করা হবে না। [সূরা হুদ- ১১২-১১৩]

ইস্তিকামাত বা দৃঢ়তার তাৎপর্য

ইস্তিকামাতের শাব্দিক অর্থ হচ্ছে, কোনো দিকে একটুও না ঝুঁকে একেবারে সোজা দাড়িয়ে থাকা। রাসূলে কারীম (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-কে ও সকল ঈমানদারকে সর্বকাজে, সর্বাবস্থায় ইস্তিকামাত বা দৃঢ়তা অবলম্বন করার জন্য উক্ত আয়াতে নির্দেশ দেওয়া হয়েছে।

ইস্তিকামাত শব্দটি ছোট হলেও এর অর্থ অত্যন্ত ব্যাপক। কেননা সর্বাবস্থায় সোজা দাড়িয়ে থাকার অর্থ হচ্ছে আকাইদ, ইবাদাত, লেনদেন, আচার-ব্যবহার, ব্যবসা-বানিজ্য, আয়-ব্যয়, নীতি-নৈতিকতা ইত্যাদি যাবতীয় ক্ষেত্রে আল্লাহ তায়ালার নির্ধারিত গন্ডিতে থেকে তারই নির্দেশিত সোজা পথে চলা। তন্মধ্যে কোন ক্ষেত্রে বা পরিস্থিতিতে গরিমসি করা, বাড়াবাড়ি করা, ডানে বামে ঝুকে পড়া ইস্তিকমাতের পরিপন্থি।

দুনিয়ায় যত গোমরাহি ও পাপাচার দেখা যায়, তার সবই ইস্তিকামাত থেকে সরে যাওয়ার ফলে সৃষ্টি হয়। আকাইদ তথা ধর্মীয় বিশ্বাসের ক্ষেত্রে ইস্তিকামাত না থাকলে মানুষ বেদয়াত হতে শুরু করে কুফর-শিরকে পর্যন্ত পৌঁছে যায়। তাওহীদ, আল্লাহর পবিত্র সত্তা ও গুণাবলী সম্পর্কে হযরত রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যে মূলনীতি শিক্ষা দিয়েছেন, তার মধ্যে বিন্দুমাত্র হ্রাস-বৃদ্ধি বা পরিবর্তন-পরিবর্ধনকারী পথভ্রষ্টরূপে আখ্যায়িত হবে। তা তার নিয়্যত যতই ভালো হোক না কেন।

অনুরূপভাবে নবি ও রাসূল (আলাইহিমুস সাল্লাম)-গণের প্রতি ভক্তি শ্রদ্ধার যে সীমারেখা নির্ধারিত হয়েছে, সে সীমারেখা লংঘন করে বেশী শ্রদ্ধা করাও চরম পথভ্রষ্টতা। কোন রাসূলকে খোদায়ী গুণাবলী ও ক্ষমতার মালিক বানিয়ে দেয়াও চরম পথভ্রষ্টতা। ইহুদী ও খৃষ্টানরা এহেন বাড়াবাড়ির কারণেই বিপদগামী হয়েছে। ইবাদত ও আল্লাহর নৈকট্য লাভ করার জন্য কোরআনে ও রাসূলে কারিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীসে যে পথ দেখিয়ে গেছেন, তাতে কোনরূপ বাড়াবাড়ি-ছাড়াছাড়ি মানুষকে ইস্তিকামাত হতে বিচ্যুত করে, বেদআতে লিপ্ত করে। আর সে

আপন কল্পনা বিলাসে বিভোর থাকে যে, আমি আল্লাহর সন্তুষ্টি অর্জন করেছি, অথচ সে ক্রমান্বয়ে আল্লাহ তায়ালার বিরাগ ভাজন হতে থাকে।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

قُلۡ هَلۡ نُنَبِّئُكُمۡ بِالۡاَخۡسَرِيۡنَ اَعۡمَالًا ﴿۱۰۳﴾ اَلَّذِيۡنَ ضَلَّ سَعۡيُهُمۡ فِي الۡحَيٰوةِ الدُّنۡيَا وَ هُمۡ يَحۡسَبُوۡنَ اَنَّهُمۡ يُحۡسِنُوۡنَ صُنۡعًا ﴿۱۰۴﴾

অর্থ. আপনি বলুন, আমি কি তোমাদেরকে ঐ লোকদের ব্যাপারে সংবাদ দেবো, যারা কর্মে অধিক ক্ষতিগ্রস্থ! এরাই হল এমন লোক যাদের প্রচেষ্টা দুনিয়াবি জীবনে নষ্ট হয়েছে। অথচ তারা মনে করে যে তারা সৎকর্ম করছে। [সূরা কাহাফ-১০৩-১০৪]

এজন্যই রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বীয় উম্মতকে বেদয়াত হতে অত্যন্ত জোরালোভাবে নিষেধ করেছেন এবং বেদয়াতকে চরম গোমরাহি বলে অবহিত করেছেন। অতএব প্রত্যেক ঈমানদারের কর্তব্য হচ্ছে, যখন কোন কাজ আল্লাহ ও রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সন্তুষ্টি লাভের জন্য ইবাদত হিসেবে করতে চায়, তখন কাজ করার আগে পূর্ণ তাহক্বীক্ব (যাচাই) করে জানতে হবে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তার সাহাবায়ে কেরাম (রাযি.) উক্ত কাজ এভাবে করেছেন কিনা? যদি না করে থাকেন, তবে উক্ত কাজে নিজের সময় ও শ্রম ব্যয় করা তার জন্য ক্ষতির কারণ হবে।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

وَ مَنۡ يَّبۡتَغِ غَيۡرَ الۡاِسۡلَامِ دِيۡنًا فَلَنۡ يُّقۡبَلَ مِنۡهُ ۚ وَ هُوَ فِي الۡاٰخِرَةِ مِنَ الۡخٰسِرِيۡنَ ﴿۸۵﴾

অর্থ. যে ব্যক্তি ইসলাম ব্যতীত (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সাহাবি, তাবেয়ী, তাবয়ে তাবেয়ীনদের ইসলাম ছাড়া) অন্য কিছুকে দ্বীন হিসাবে পছন্দ করবে, তা তার থেকে গ্রহণ করা হবে না এবং আখিরাতে সে ক্ষতিগ্রস্থদের অন্তর্ভূক্ত হবে। [সূরা আল ইমরান-৮৫]

অনুরূপভাবে আদান-প্রদান, স্বভাব-চরিত্র, আচার-ব্যবহার, তথা জীবনের সর্বক্ষেত্রে কোরআনে কারীমের নির্দেশিত মূলনীতিগুলি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাস্তবে রূপায়িত করে সঠিক মধ্যমপন্থা নির্ধারণ করে

দিয়েছেন। যার মধ্যে বন্ধুত্ব-শত্রুতা, ধৈর্য-ক্রোধ, দানশীলতা-কৃপণতা, মিতব্যয়-অপব্যয়, উপার্জন-খরচ, বৈরাগ্য সাধনা, আল্লাহর উপর ভরসা, সম্ভাব্য চেষ্টা তাদবীর করা, আব্যশকীয় উপায় উপকরণ সংগ্রহ করা এবং ফলাফলের জন্য আল্লাহ তায়ালার অনুগ্রহের প্রতি তাকিয়ে থাকা ইত্যাদি সর্বক্ষেত্রে ঈমানদারদেরকে এক নজির বিহীন মধ্যমপন্থা দেখিয়ে দিয়েছেন। জীবনের সর্বক্ষেত্রে তা অবলম্বন করেই একজন মানুষ সফল হতে পারে।

সারকথা. জীবনের সর্বক্ষেত্রে দ্বীনের অনুস্বরণই হল ইস্তিকামাত। হযরত ইবনে আব্বাস (রাযি.) বলেন, পূর্ণ কোরআনে পাকের মধ্যে উক্ত আয়াতের চেয়ে কঠিন ও কষ্টকর কোন হুকুম রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর উপর নাযিল হয়নি। তিনি আরো বলেন, একবার সাহাবায়ে কিরাম (রাযি.) রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর দাড়ি মোবারকের কয়েক গুচ্ছ পেকে গেছে দেখতে পেলেন। তখন আফসোস করে বললেন, আপনার দিকে দ্রুত গতিতে বার্ধক্য এগিয়ে আসছে। তদুত্তরে রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, সুরা হুদ আমাকে বৃদ্ধ করে দিয়েছে। হযরত ইবনে আব্বাস (রাযি.) বললেন ইস্তিকামাতের নির্দেশই ছিল বার্ধকের কারণ।

শুধু আল্লাহর বিধান পালনের ক্ষেত্রে ইস্তিকামাত বা দৃঢ়তাই যথেষ্ট নয়; বরং আকীদা বা বিশ্বাসের ক্ষেত্রেও সংশয়হীন দৃঢ় বিশ্বাসও একান্ত জরুরী। কেননা ঈমান তো অবিচল ও দৃঢ় বিশ্বাসের নাম। তাতে সংশয় ও দোদুল্যমানতার অবকাশ নেই। ঈমানের বিষয়ে যদি সংশয় থাকে, বিশ্বাসে দৃঢ় না হয়, তাহলে তা ঈমান হয় কীভাবে?

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

اِنَّمَا الْمُؤْمِنُوْنَ الَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَ رَسُوْلِهٖ ثُمَّ لَمْ يَرْتَابُوْا وَ جٰهَدُوْا بِاَمْوَالِهِمْ

اَنْفُسِهِمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ؕ اُولٰٓئِكَ هُمُ الصّٰدِقُوْنَ ﴿۱۵﴾

অর্থ. তারাই মুমিন যারা আল্লাহ ও তার রাসুলের প্রতি ঈমান এনে পরে সন্দেহ পোষণ করেনা। এবং জান-মাল দ্বারা আল্লাহর পথে লড়াই করে। তারাই হলো সত্যনিষ্ঠ। [সূরা হুজুরাত-১৫]

সংশয় ও দোদুল্যমানতা কাফির ও মুনাফিকদের বৈশিষ্ট, এটা মুমিনের বৈশিষ্ট হতে পারে না।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

لايستأذنك الّذين يؤمنون بالله و اليوم الاخر ان يّجاهدوا باموالهم و انفسهم ط و الله عليمٌ بالمتّقين۝ انّما يستأذنك الّذين لا يؤمنون بالله و اليوم الاخر و ارتابت قلوبهم فهم في ريبهم يتردّدون۝

অর্থ. যারা আল্লাহ ও শেষ দিবসের প্রতি ঈমান আনে, তারা নিজ সম্পদ ও জীবন দ্বারা জিহাদ করা থেকে আপনার নিকট অব্যাহতি পাওয়ার পার্থনা করবে না। আপনার নিকট অব্যাহতি শুধু তারাই প্রার্থনা করে, যারা আল্লাহ ও শেষ দিবসের প্রতি ঈমান আনে না এবং যাদের হৃদয় সংশয়যুক্ত। তারা তো আপন সংশয়ে দ্বিধাগ্রস্ত। [সূরা তাওবা-৪৪-৪৫]

শরীয়তে স্পষ্টভাবে ঘোষিত বিষয়ে বিকৃতি/ অপব্যাখ্যা অস্বীকারেরই নামান্তর

ইসলামী আকাইদ ও বিধি-বিধান সমূহ অস্বীকার করা, অবজ্ঞা ও বিদ্রুপ করা যেমন কুফরী, তেমনি এগুলোর কোন একটির এমন কোন ব্যাখ্যা করাও সরাসরি কুফরী, যার দ্বারা তার প্রকৃত অর্থই বদলে যায়। কোন কিছুর অপব্যাখ্যা ও অর্থের বিকৃতি হচ্ছে ঐ বিষয়টি অস্বীকারের ভয়বহতম প্রকার। ইসলামী আকীদা ও বিধি-বিধান সংক্রান্ত বিষয়গুলোর উপর প্রতিষ্ঠিত অর্থেই ঈমান আনতে হবে। নিজের পক্ষ থেকে সেগুলোর কোন অর্থ নির্ধারণ করে বা কোন বেদ্বীনের উদ্ভাবিত অর্থ গ্রহণ করে ঈমানের দাবি করা সম্পূর্ণ ঝিনদিকী ও সুস্পষ্ট মুনাফেকী।

যেখানে কোন বিধান ও বিশ্বাসের অর্থ আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর যুগ থেকে অসংখ্য মু'মিনের সুসংহতসূত্রে চলে আসছে, প্রতি যুগে মুসলিম উম্মাহর ইজমা ও ঐক্যমত বিদ্যমান আছে, সেখানে ভিন্ন ব্যাখ্যার অবকাশ নেই। কারণ, সেখানে সেই অর্থই নিশ্চিত ও নির্ধারিত। সেখানে ভিন্ন ব্যাখ্যার অর্থ হলো, অকাট্য ও প্রতিষ্ঠিত বিষয়কে অস্বীকার করা।

যেমন কেউ বললো, নামাজ সত্য কিন্তু; আসল নামাজ তা নয় যা মুসলমানরা প্রচলিত পদ্ধতিতে আদায় করে। আসল নামাজ তো মনের

নামাজ, যা দোয়ার অর্থে এসেছে। যে তা আদায় করতে পারে তার দেহের নামাজের প্রয়োজন নেই (নাউযুবিল্লাহ)। কিংবা বললো ইসলাম মানে শান্তি, বিধায় ইসলাম ধর্ম শান্তির ধর্ম। তাতে যুদ্ধ নেই, সংঘাত নেই, রক্তপাত নেই, মারামারি নেই। অতএব যারা ধর্মীয় উন্মাদনায় প্রভাবিত হয়ে যুদ্ধ, জিহাদ, গুপ্তহত্যা, আত্মঘাতি আক্রমণ করার মাধ্যমে মানুষের ক্ষতিশাধন করে তারা সন্ত্রাস। আর এ সন্ত্রাসী কর্যকলাপকে ইসলাম সমর্থন করেনা। কিংবা বললো, স্বশস্ত্র জিহাদের তুলনায় নফসের জিহাদই বড় জিহাদ। অতএব ছেট জিহাদের (অস্ত্রের) প্রতি মনোনিবেশ না করে বড় জিহাদে অর্থাৎ নফসের কন্ট্রলের দিকে আত্মনিয়োগ করা উচিৎ। একথা বলে শসস্ত্র জিহাদকে অস্বীকার করে।

কিংবা বললো, জিহাদ অর্থ চেষ্টা। সুতরাং আমরা মিছিল-মিটিং, হরতাল-অবরোধ, দাওয়াত-তাবলীগ, দরস-তাদরীস ও লিখনীর মাধ্যমে দ্বীন বিজয়ের চেষ্টা করছি। অতএব, আমরা তো জিহাদের মধ্যেই আছি। তাই শসস্ত্র জিহাদের প্রয়োজন নেই। কিংবা বললো, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের মত মাটির তৈরী মানুষ নয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর জাতি নূরের তৈরী; মাটির তৈরি নয়। কিংবা বললো, আল্লাহ যেমন গায়েব জানেন, নবীও তেমন গায়েব জানেন। কিংবা বললো, আল্লাহ যেমন একই সময়ে সব জায়গায় হাজির-নাজির, তদ্রুপ নবীও একই সময়ে সব জায়গায় হাজির-নাজির।

তো এই সকল কুফরী ব্যাখ্যা এবং এ জাতীয় আরও আসংখ্য ব্যাখ্যা আছে, যার দ্বারা ইসলামের অকাট্য বিষয়কে অস্বীকার করা হয়। আর এ অস্বীকারকে গোপন করার জন্য অপব্যখ্যা করে নিজেদেরকে সাধারণ কাফিরের চেয়েও ভয়াবহ প্রকারের কাফির মুলহিদ, যিন্দীক, ও মুনাফিকের সারিতে অন্তর্ভূক্ত করে।

আল্লাহ তায়ালার এই ধমকি বাণীর প্রতি গভীরভাবে নজর দেওয়া উচিৎ, যাতে সংশোধনের পথ খুলে যায়-

اِنّ الّذِيْن يُلْحِدُوْن فِيْٓ اٰيٰتِنا لا يخْفوْن عليْنا ؕ افمنْ يُّلْقٰى فِي النّارِ خيْرٌ امْ مّنْ يّاْتِيْٓ اٰمِنًا يّوْم الْقِيٰمةِ ؕ اِعْملُوْا ما شِئْتُمْ ۙ اِنّهٗ بِما تعْملُوْن بصِيْرٌ ۝٤٠

অর্থ. যারা আমার আয়াতসমূহকে (অপব্যাখ্যার মাধ্যমে) বিকৃত করে, তারা আমার আগোচরে নয়। শ্রেষ্ঠ কে? যে ব্যক্তি জাহান্নামে নিক্ষিপ্ত হবে, না যে কিয়ামতের দিন নিরাপদে থাকবে? তোমাদের যা ইচ্ছা কর। তোমরা যা কিছু কর তিনি সেগুলোর সম্যক দ্রষ্টা। [সূরা হা-মীম আস-সাজদা-৪০]

দ্বীনকে অপব্যাখ্যা হতে রক্ষার জন্য মহান আল্লাহ তায়ালা মুমিনদের সর্বসম্মত পথ অনুস্বরণ করাকে মানদন্ড নির্ধারণ করেছেন। মুমিনদের সর্বসম্মত পথ থেকে বিচ্যুতি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর বিরুদ্ধাচারণ স্বাব্যস্ত করেছেন। একে জাহান্নামে যাওয়ার কারণ উল্লেখ করেছেন। তাই ইসলামী আকীদা ও বিধি-বিধানের এমন অপব্যাখ্যাকারীর ঠিকানা হলো জাহান্নাম। বিষয়টি মহান আল্লাহর নিম্নে বর্ণিত বাণীর প্রতি দৃষ্টি দিলে স্পষ্ট বোঝা যায়-

ومنْ يُّشاقِقِ الرّسُوْل مِنْۢ بعْدِ ما تبيّن له الْهُدٰى و يتّبِعْ غيْر سبِيْلِ الْمُؤْمِنِيْن نُوِلّهٖ ما تولّٰى و نُصْلِهٖ جهنّم ؕ وساءتْ مصِيْرًا ﴿١١٥﴾

অর্থ. কারো নিকট হিদায়াতের বাণী স্পষ্ট হওয়ার পরে যদি রাসূলের বিরুদ্ধাচরণ করে, মুমিনদের পথের বিপরীত পথে চলে, তাহলে যে দিকে সে যেতে চায় সে দিকেই তাকে পরিচালিত করবো। এবং সবশেষে তাকে জাহান্নামে পৌঁছে দিব। তা কতোইনা মন্দ আবাসস্থল। [সূরা নিসা-১১৫]

আল্লামা ইবনে কাসির রহ. এই আয়াতের তাফসীরে বলেন-

أيْ: ومنْ سلك غيْر طرِيقِ الشّرِيعةِ الّتِي جاء بِها الرّسُولُ صلّى اللهُ عليْهِ وسلّم، فصار فِي شِقّ

অর্থ. যে ব্যক্তি মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আনীত শরীয়ত ছাড়া অন্যকোন পথে চলল, সেই মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর বিরুদ্ধাচরণ করলো।

অনৈসলামিক পন্থায় ইসলাম কিভাবে আসবে? সে তো শুরুতেই রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর পন্থা থেকে সরে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর বিরুদ্ধাচরণের রাস্তা গ্রহণ করেছে। দুনিয়া ও আখিরাতে কে তাকে সঠিক পথে পরিচালিত করবে?

ইবনে জরীর তাবারী রহ. উপরোক্ত আয়াতের তাফসীরে বলেন,

"ومن يشاقق الرسول"، ومن يباين الرسول محمدًا صلى الله ع يه وس م، معاديًا له، فيفارقه على العداوة له (١) ="من بعد ما تبين له الهدى"، يعني: من بعد ما تبين له أنه رسول الله، وأن ما جاء به من عند الله يهدي إلى الحق إلى طريق مستقيم=" يتبع غير سبيل المؤمنين"، يقول: ويتبع طريقًا غير طريق أهل التصديق، ويسلك منهاجًا غير منهاجهم، لك هو الكفر بالله، لأن الكفر بالله ورسوله غير سبيل المؤمنين وغير منهاجهم

অর্থ......ঈমানদারদের পথ ছেড়ে অন্যকোন পথে চলা, তাদের নীতি ছেড়ে অন্যকোন নীতি গ্রহণ করা, এটাই আল্লাহর সাথে কুফরী। কেননা ঈমানদারদের পথ ও নীতি বহির্ভূত চলাই আল্লাহ ও তার রাসূলের সাথে কুফরীর নামান্তর।

কাজী ছানাউল্লাহ পানিপতী রহ. এই আয়াতের ব্যাখ্যায় বলেন,

يَتَّبِعْ غَيْرَ سَبِيلِ الْمُؤْمِنِينَ اى غير ما هم عليه أجمعون من اعتقاد او عمل ولا بأس بمخالفة البعض إذا وافق البعض لقوله عليه السلام أصحابي كالنجوم بايهم اقتديتم اهتديتم نُوَلِّهِ ما تولّى اى نجعله فى الدنيا واليا لما تولى من الضلال ونخلى بينه بين ما اختاره من الكفر

অর্থ.........যে গোমরাহী তারা অবলম্বন করেছে, আমি দুনিয়ার মধ্যে ঐ গেমরাহীর দিকে তাদের ছেড়ে দেই এবং তার ও তার পছন্দ করা কুফরীর মাঝে তাকে ছেড়ে দেই।

نُوَلِّهِ ما تولّى এর ব্যাখ্যা থেকে প্রাপ্ত শিক্ষা

আল্লামা ইবনে কাসীর রহ. এর উদ্দেশ্য বর্ণনা করেন যে, যখন কেউ এই শরীয়ত ছাড়া অন্য পথে চলে, তখন আমি তাকে সে পথেই চলতে দেই। তার অন্তরে সে পথকে সুন্দর বানিয়ে দেই ও সুসজ্জিত করে দেই। এটা মূলত ক্ষণিকের জন্য অবকাশ দেই।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

فَذَرْنِيْ وَمَنْ يُّكَذِّبُ بِهٰذَا الْحَدِيْثِ ۭ سَنَسْتَدْرِجُهُمْ مِّنْ حَيْثُ لَا يَعْلَمُوْنَ ۝۴۴

অর্থ. আমাকে এবং এই বানীকে যারা মিথ্যা বলেছে, তাদের ব্যাপারটি ছেড়ে দাও। আমি তাদেরকে এমন ভাবে ধীরে ধীরে পাকড়াও করবো যে, তারা জানতেও পারবে না। [সূরা ক্বালাম-৪৪]

فَلَمَّا زَاغُوْٓا اَزَاغَ اللّٰهُ قُلُوْبَهُمْ ۭ

অর্থ. যখন তারা বক্র পথে চলল, তখন মহান আল্লাহ তাদের হৃদয়কে বক্র করে দিলেন। [সূরা সাফ্‌ফ-৫]

সাহাবী যুগে অপব্যাখ্যাকারীর শাস্তি

অপব্যাখ্যার ব্যাপারে ইমাম আবু জাফর ত্বাহাবী রহ. তার "শরহে মা'আনিল আছার" কিতাবে আলী (রাযি.) এর বর্ণনা নকল করেছেন। যার বিভিন্ন বর্ণনার কয়েকটি ফাতহুল বারীতে 'হদ্দুল খমর' অধ্যায়ে রয়েছে। হযরত আলী (রাযি.) বলেন, যখন ইয়াযিদ ইবনে আবু সুফিয়ান (রাযি.) শামের আমীর ছিলেন। তখন শামের কিছু লোক এই বলে মদপান শুরু করলো যে, আমাদের জন্য তো মদ হালাল। প্রমাণ স্বরূপ এই আয়াতটি পেশ করলো-

لَيْسَ عَلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جُنَاحٌ فِيْمَا طَعِمُوْٓا

অর্থ. যারা ঈমান এনেছে ও নেক আমল করেছে, তারা যা আহার করেছে তাতে কোন পাপ নেই। [সূরা মায়েদা-৯৩]

তখন ইয়াযিদ ইবনে আবু সুফিয়ান (রাযি.) এই ফিতনা সম্পর্কে হযরত ওমর (রাযি.) কে অবহিত করলেন। খলিফাতুল মুসলিমীন হযরত ওমর (রাযি.) তৎক্ষনাৎ ইয়াযিদকে লিখে পাঠালেন,"এ লোকেরা ভ্রষ্টতা ছড়ানোর পূর্বেই তাদেরকে গ্রেফতার করে আমার কাছে পঠিয়ে দাও।" যখন তাদেরকে বন্দি করে ওমরের (রাযি.) কাছে উপস্থিত করা হলো। হযরত ওমর (রাযি.) সাহাবায়ে কিরামদের নিয়ে এদের ব্যাপারে পরামর্শ করলেন। সকল সাহাবয়ে কেরাম (রাযি.) সর্বসম্মতিক্রমে সিদ্বান্ত দিলেন যে, হে আমিরুল মু'মিনীন! আমাদের মতামত হল, যেহেতু এরা আয়াতের অপব্যাক্ষা করে মহান আল্লাহর উপর অপবাদ দিয়েছে, এমন বস্তুকে

হালাল বানিয়েছে যার অনুমতি আল্লাহ তায়ালা কখনো দেননি, অতএব তারা মুরতাদ হয়ে গেছে। আপনি এদের সকলকে হত্যা করে দিন।

হযরত আলী (রাযি.) চুপ ছিলেন। তাই ওমর (রাযি.) তাকে জিজ্ঞাসা করলেন, আমার মতে এ লোকদের এমন বিশ্বাস থেকে ফিরে আসার নির্দেশ দেয়া হোক। যাদি তারা তাওবা করে, তাহলে তাদেরকে মদ পানের শাস্তি হিসেবে আশিটি বেত্রাঘাত করে ছেড়ে দেয়া হোক। আর যদি তারা তাওবা না করে, তাহলে তাদেরকে (মুরতাদ হিসেবে) হত্যা করা হোক। কারণ তারা আল্লাহর প্রতি মিথ্যা প্রতিপন্ন করেছে এবং ইসলামের এমন বস্তুর বৈধতা দিয়েছে যার অনুমতি মহান আল্লাহ তায়ালা দেননি। অতঃপর এই রায়ে সকল সাহাবায়ে কেরাম একমত হলেন। এবং ওমর (রাযি.) তাদেরকে তাওবা করার নির্দেশ দিলেন। যখন তাওবা করে নিল তাদের মদপানের শাস্তি স্বরূপ আশিটি বেত্রাঘাত করা হল।

অতএব এই ইজমায়ে সাহাবা দ্বারা প্রতিয়মান হয় যে; ঈমান, আকাইদ ও শরীয়তে স্পষ্টভাবে ঘোষিত বিষয়ে বিকৃতি সাধন ও অপব্যাখ্যার দ্বারা মানুষ ইসলাম থেকে বের হয়ে মুরতাদ হয়ে যায়। সুতরাং অপব্যাখ্যা থেকে বাঁচার জন্য সাবিলুল মু'মিনীন তথা সাহাবাদের পথের অনুস্বরণ একান্তই জরুরি। কিন্তু এই মানদন্ড মুনাফিকদের কাছে পছন্দনীয় নয়। তারা ঈমানের দাবি করে, কিন্তু মু'মিনদের মতো ঈমান আনেনা। নিজেদের খেয়াল-খুশি ও সুবিধামত ঈমান আনে। আর মু'মীনদেরকে মনে করে বুদ্ধিহীন। বর্তমানে এই মানষিক প্রবণতা ব্যাপকভাবে লক্ষ্য করা যাচ্ছে।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

وَإِذَا قِيْلَ لَهُمْ اٰمِنُوْا كَمَآ اٰمَنَ النَّاسُ قَالُوْٓا اَنُؤْمِنُ كَمَآ اٰمَنَ السُّفَهَآءُ ؕ اَلَآ اِنَّهُمْ هُمُ السُّفَهَآءُ وَلٰكِنْ لَّا يَعْلَمُوْنَ ﴿١٣﴾ وَاِذَا لَقُوا الَّذِيْنَ اٰمَنُوْا قَالُوْٓا اٰمَنَّا ۚ وَاِذَا خَلَوْا اِلٰى شَيٰطِيْنِهِمْ ۙ قَالُوْٓا اِنَّا مَعَكُمْ ۙ اِنَّمَا نَحْنُ مُسْتَهْزِءُوْنَ ﴿١٤﴾ اَللّٰهُ يَسْتَهْزِئُ بِهِمْ وَيَمُدُّهُمْ فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ﴿١٥﴾

অর্থ. যখন তাদেরকে বলা হয়, যে সকল লোক (সাহাবাগণ) ঈমান এনেছে তোমরাও তাদের মত ঈমান আনয়ন কর। তখন তারা বলে, নির্বোধরা যেমন ঈমান এনেছে, আমরাও কি তাদের মত ঈমান আনব?

জেনে রাখ! তারাই আসলে নির্বোধ, কিন্তু (তারা যে নির্বোধ) তা তারা জানে না। যখন তারা মু'মীনদের কাছে আসে তখন বলে, আমরা ঈমান এনেছি। আর যখন নির্জনে তাদের দুষ্ট নেতা ও শয়তানের সাথে সাক্ষাত করে, তখন তারা বলে, আমরা তো তোমাদের সাথেই আছি। আমরা তো মুমিনদের সাথে ঠাট্টা করি। মহান আল্লাহও তাদের সাথে তামাশা করেন। এবং তাদেরকে নিজেদের অবাধ্যতায় ভ্রান্ত হয়ে ঘুরার জন্য (কিছুদিনের জন্য) অবকাশ দেন। [সূরা বাকারা-১৩-১৫]

ঈমান ও ইসলাম; রোকন ও শর্ত

ঈমানের সম্পর্ক অন্তরের সাথে বিধায় ঈমানটা হলো রোকন। কেননা ভিতরের বস্তুকে রোকন বলা হয়। আর ইসলামের সম্পর্ক যেহেতু বাহ্যিকভাবে জবান ও অঙ্গপ্রত্যঙ্গের সাথে, তাই ইসলামটা হল শর্ত। কেননা শর্ত বলা হয় বাহিরের বস্তুকে।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

قَالَتِ الْاَعْرَابُ اٰمَنَّا ؕ قُلْ لَّمْ تُؤْمِنُوْا وَ لٰكِنْ قُوْلُوْۤا اَسْلَمْنَا وَ لَمَّا يَدْخُلِ الْاِيْمَانُ فِيْ قُلُوْبِكُمْ ؕ وَ اِنْ تُطِيْعُوا اللّٰهَ وَ رَسُوْلَهٗ لَا يَلِتْكُمْ مِّنْ اَعْمَالِكُمْ شَيْـًٔا ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٤﴾

অর্থ. মরুবাসীরা বলে, আমরা ঈমান আনলাম। আপনি বলে দিন, তোমরা ঈমান আননি। বরং বল, আমরা ইসলাম গ্রহণ করেছি। কারণ এখনো তোমাদের অন্তরে ঈমান প্রবেশ করেনি। যদি তোমরা আল্লাহ ও রাসূলের আনুগত্য কর, তবে তোমাদের কর্মফল সামান্যও কমানো হবে না। নিশ্চয় আল্লাহ তায়ালা ক্ষমাশীল ও মেহেরবান। [সূরা হুজুরাত-১৪]

শানে নুযূল. ইমাম বাগভী রহ. বলেন, এ বর্ণনা অনুযায়ী আয়াতটি নাযিলের ঘটনা এই যে, বনী আসাদের কতিপয় লোক চরম দুর্ভিক্ষের সময় মদিনায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের খেদমতে উপস্থিত হয়। তারা অন্তর্গতভাবে মু'মিন ছিলনা। শুধুমাত্র দান খয়রাত পাওয়ার লোভে ইসলাম গ্রহণের কথা প্রকাশ করেছিল। বাস্তবে মুমিন না হওয়ার কারণে ইসলামের বিধি বিধান সম্পর্কে তারা অজ্ঞ ও বেখবর ছিল। মদিনার পথে ঘাটে তারা মলমূত্র, আবর্জনা ছড়িয়ে দিল। এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির

মূল্য বাড়িয়ে দিল। তারা মুসলমান হয়ে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-কে ধন্য করেছে বলে প্রকাশ করল। তারা বলল, অন্যান্য লোক দীর্ঘকাল আপনার সাথে অনেক যুদ্ধ করেছে অতঃপর মুসলমান হয়েছে। কিন্তু আমরা কোনরূপ যুদ্ধ ছাড়াই আপনার কাছে উপস্থিত হয়ে মুসলমান হয়েছি। কাজেই আমাদের সদিচ্ছাকে মূল্য দেয়া দরকার। এটা ছিল রাসূলের শানে একপ্রকার ধৃষ্টতা।

এই মুসলমান হওয়ার কথা প্রকাশ করার পিছনে মুসলমানদের সদকা, দান খায়রাত লাভ করা ছাড়া অন্য কোন উদ্দেশ্য তাদের ছিল না। শুধু বাহ্যিক অবস্থার উপর ভিত্তি করে ঈমানের মিথ্যা দাবী করেছিল। এবং দাবীকে সত্য প্রমাণ করার জন্য কিছু কাজ কর্ম মুসলমানদের মত করে যাচ্ছিল। তাই কোরআন তাদের অভ্যন্তরীন অবস্থা প্রকাশ করে বলছে, তোমাদের "ঈমান এনেছি" বলা মিথ্যা। তোমরা বড়জোড় বলতে পার "আমরা ইসলাম গ্রহণ করেছি।" কেননা ইসলামের শাব্দিক অর্থ 'বাহ্যিক কাজ কর্মে আনগুত্য করা।' আর তারা তা করেছিল বিধায় শাব্দিক অর্থে ইসলাম গ্রহণ করেছি বলা শুদ্ধ ছিল।

কিন্তু শরীয়তের পরিভাষায় ঈমান ও ইসলামের একই অর্থ। ঈমান হলো আল্লাহর হুকুম আহকাম আন্তরিকভাবে মহব্বতের সাথে বিশ্বাস করা। আর ইসলাম হল আল্লাহর হুকুমের সামনে জবান দ্বারা স্বীকারুক্তি ও অঙ্গ প্রতঙ্গ দ্বারা তা বাস্তবায়নের নাম। ঈমান ও ইসলাম রোকন ও শর্ত হিসাবে শুরু ও শেষ প্রান্তের দিক দিয়ে ভিন্ন ভিন্ন জিন্‌স (প্রকার)। ঈমান অন্তর থেকে শুরু হয়ে বাহ্যিক কাজকর্ম পর্যন্ত পৌঁছায়। আর ইসলাম বাহ্যিক কাজকর্ম থেকে শুরু হয়ে অন্তরের বিশ্বাস পর্যন্ত পৌঁছায়। কিন্তু মূল উদ্দেশ্যের দিক দিয়ে ঈমান ও ইসলাম একটি আপরটির সাথে ওৎপ্রোতভাবে জড়িত। ঈমান যেমন ইসলাম ব্যতিত ধর্তব্য নয়, তেমনি ইসলামও ঈমান ব্যতীত গ্রহণযোগ্য নয়।

শরীয়তে এটা অসম্ভব যে, এক ব্যাক্তি মুমিন হবে কিন্তু মুসলিম হবে না, আবার মুসলিম হবে কিন্তু মুমিন হবে না। বিধায় ঈমান আনার অনিবার্য অর্থ হলো, বান্দা নিজেকে আল্লাহর কাছে সমর্পন করবে ও তার প্রতিটি আদেশ কায়মনোবক্যে মেনে নিবে। নিজের বিপক্ষে গেলেও মানবে। আল্লাহর প্রতি ঈমান আর তার বিধানের প্রতি আপত্তি, এ দু'টি একত্র হতে পারে না। রাসূলের প্রতি ঈমান ও তার আদর্শের উপর আপত্তি একত্র হতে পারে না।

কোরআনের প্রতি ঈমান আর তার কোন আয়াত বা বিধানের প্রতি আপত্তি কখনো একত্র হতে পারে না ।

মুমিনের বৈশিষ্ট হচ্ছে সমর্পণ, সংশোধন ও খোদাভীতি ।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

قُلْ إِنَّ هُدَى اللَّهِ هُوَ الْهُدَىٰ ۖ وَأُمِرْنَا لِنُسْلِمَ لِرَبِّ الْعَالَمِينَ ﴿٧١﴾

অর্থ. আপনি বলুন, আল্লাহর দেখানো পথই হচ্ছে সঠিক পথ । আর আমাদেরকে আদেশ প্রদান করা হয়েছে সারা জাহানের প্রতিপালকের (হুকুমের) সামনে আত্মসমর্পনের জন্য । [সূরা আনআম-৭১]

يَا بَنِي آدَمَ إِمَّا يَأْتِيَنَّكُمْ رُسُلٌ مِّنكُمْ يَقُصُّونَ عَلَيْكُمْ آيَاتِي ۙ فَمَنِ اتَّقَىٰ وَأَصْلَحَ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٣٥﴾

অর্থ. হে আদম সন্তান! স্বরণ রাখ, যখন তোমাদের কাছে তোমাদেরই মধ্য হতে কোন রাসূল আগমন করে আমার আয়াতসমূহ শোনায়, তখন যারা আল্লাহকে ভয় করবে ও নিজেদেরকে সংশোধন করে নিবে, তাদের কোন ভয়-ভীতি থাকবে না । তারা বিচলিতও হবে না । [সূরা আরাফ-৩৫]

শয়তানী ঈমান গ্রহণযোগ্য নয়

আর শয়তান ও তার অনুসারীদের বৈশিষ্ট হচ্ছে অস্বীকার, অহংকার ও বিপরীত যুক্তি প্রদান করা ।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

وَإِذْ قُلْنَا لِلْمَلَائِكَةِ اسْجُدُوا لِآدَمَ فَسَجَدُوا إِلَّا إِبْلِيسَ أَبَىٰ وَاسْتَكْبَرَ وَكَانَ مِنَ الْكَافِرِينَ ﴿٣٤﴾

অর্থ. যখন আমি হযরত আদম (আ.) কে সিজদা করার জন্য ফেরেশতাগণকে নির্দেশ দিলাম, তখন ইবলিস ব্যতীত সবাই সিজদা করলো । সে নির্দেশ পালন করতে অস্বীকার করল এবং অহংকার প্রদর্শন করল । ফলে সে কাফিরদের অন্তর্ভূক্ত হয়ে গেলো । [সূরা বাকারা-৩৪]

قَالَ مَا مَنَعَكَ اَلَّا تَسۡجُدَ اِذۡ اَمَرۡتُكَ ؕ قَالَ اَنَا خَیۡرٌ مِّنۡهُ ۚ خَلَقۡتَنِیۡ مِنۡ نَّارٍ وَّ خَلَقۡتَهٗ مِنۡ طِیۡنٍ ﴿۱۲﴾ قَالَ فَاهۡبِطۡ مِنۡهَا فَمَا یَكُوۡنُ لَكَ اَنۡ تَتَكَبَّرَ فِیۡهَا فَاخۡرُجۡ اِنَّكَ مِنَ الصّٰغِرِیۡنَ ﴿۱۳﴾

অর্থ. আল্লাহ তায়ালা বললেন, আমি যখন নির্দেশ দিয়েছি তখন তোকে কিসে বাধা দিল? সে বলল, আমি তার চেয়ে শ্রেষ্ঠ। আপনি আমাকে আগুন দ্বারা সৃষ্টি করেছেন এবং তাকে সৃষ্টি করেছেন মাটি দ্বারা। আল্লাহ বললেন, তুই এখান থেকে নেমে যা। এখানে অহংকার করার কোন অধিকার তোর নেই। [সূরা আরাফ-১২-১৩]

এখানে একটি বিষয় লক্ষণীয়, ইবলীস সৃষ্টিকর্তাকে অস্বীকার করতো না; বরং স্বীকার করতো। কিন্তু মহান আল্লাহর একটি মাত্র আদেশ তার সম্মানের বিপক্ষে হওয়ার কারণে তাতেই সে আপত্তি করল ও অস্বীকার করল। যার ফলে সে কাফের ও মারদূদ হয়ে গেল। অথচ ইাবলীসের ভাবার বিষয় ছিল, তিনি স্রষ্টা আমি সৃষ্ট। তিনি খালিক আমি মাখলুক। তিনি মাবুদ আমি আবেদ। সুতরাং তিনি আমাকে আগুন দ্বারা সৃষ্টি করেছেন না অন্য বস্তু দ্বারা; এটা আমার দেখার বিষয় না, এটা স্রষ্টার ব্যাপার। দেখার বিষয় হল, আমার ও তার মাঝে সম্পর্কটা হচ্ছে, তিনি স্রষ্টা আর আমি সৃষ্ট। সুতরাং স্রষ্টা হিসেবে যে আদেশই করেন তা মেনে নেওয়া জরুরী। তা না করে সৃষ্ট হয়ে স্রষ্টার সামনে উল্টা যুক্তি দিল। ফলে কাফের হয়ে চিরস্থায়ী জাহান্নামের বাসিন্দা হয়ে গেল।

বর্তমানে ঠিক একই প্রবণতা দৃষ্টিগোচর হচ্ছে। শুধু আল্লাহর বিধান আপত্তি বা বিপরীত যুক্তিই নয়, আরও এক ধাপ এগিয়ে কুরআনের শাসন ও জীবন ব্যবস্থা যারা চায় তাদেরকে বলছে জঙ্গী, সন্ত্রাসী। কুরআনের পক্ষে, খালেস তাওহীদের পক্ষে, রাসূলের পূর্ণ আদর্শের পক্ষে কথা বলাকে আখ্যা দিচ্ছে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ। আর কুরআনের বিপক্ষে আল্লাহর বিপক্ষে, রাসূলের বিপক্ষে, ইসলামের বিপক্ষে কথা বললে বলছে মুক্তমনা। পর্দাকে আখ্যা দিচ্ছে আবদ্ধকরণ ও স্বাধীনতা হরণ।

প্রকাশ্যে ইসলামের বিরুদ্ধে কটাক্ষ ও বিদ্রোহকারীকেও মুসলমান ও ঈমানদার মনে করছে। তারা মারা গেলে জানাযা পড়ছে। অথচ আত্মসমর্পণ

ব্যতীত ঈমানের কথা কল্পনাও করা যায় না। এবং তা গ্রহণযোগ্যও হবে না। আত্মসমর্পণ না করে, কিছু লোক দেখানো ইবাদত; তথা নামাজ, রোজা, হজ্ব, যাকাতের কাপড় পরিধান করে ঈমানদার দাবী করা ঈমানের সাথে বিদ্রুপ বৈ কিছু নয়।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

وَ نَادٰۤی اَصۡحٰبُ النَّارِ اَصۡحٰبَ الۡجَنَّۃِ اَنۡ اَفِیۡضُوۡا عَلَیۡنَا مِنَ الۡمَآءِ اَوۡ مِمَّا رَزَقَکُمُ اللّٰہُ ؕ قَالُوۡۤا اِنَّ اللّٰہَ حَرَّمَہُمَا عَلَی الۡکٰفِرِیۡنَ ﴿۵۰﴾ الَّذِیۡنَ اتَّخَذُوۡا دِیۡنَہُمۡ لَہۡوًا وَّ لَعِبًا وَّ غَرَّتۡہُمُ الۡحَیٰوۃُ الدُّنۡیَا ۚ فَالۡیَوۡمَ نَنۡسٰہُمۡ کَمَا نَسُوۡا لِقَآءَ یَوۡمِہِمۡ ہٰذَا ۙ وَ مَا کَانُوۡا بِاٰیٰتِنَا یَجۡحَدُوۡنَ ﴿۵۱﴾

অর্থ. জাহান্নামীরা জান্নাতীদেরকে ডেকে বলবে, আমাদের উপর সামান্য পানি নিক্ষেপ কর অথবা আল্লাহ তোমাদেকে যে রিযিক দিয়েছেন তা থেকে কিছু দাও। তারা বলবে, আল্লাহ তায়ালা এই উভয় বস্তু কাফেরদের জন্য হারাম করে দিয়েছেন। যারা নিজেদেরকে প্রতারণা ও ধোকায় ফেলে রেখেছিল। অতএব আমি আজকে তাদেরকে ভুলে যাব, যেমন তারা এ দিনের সাক্ষাতকে ভুলে গিয়েছিল। এবং আমার আয়াতসমূহকে অস্বীকার করেছিল। [সূরা আরাফ-৫০-৫১]

وَ ذَرِ الَّذِیۡنَ اتَّخَذُوۡا دِیۡنَہُمۡ لَعِبًا وَّ لَہۡوًا وَّ غَرَّتۡہُمُ الۡحَیٰوۃُ الدُّنۡیَا وَ ذَکِّرۡ بِہٖۤ اَنۡ تُبۡسَلَ نَفۡسٌۢ بِمَا کَسَبَتۡ ٭ۖ لَیۡسَ لَہَا مِنۡ دُوۡنِ اللّٰہِ وَلِیٌّ وَّ لَا شَفِیۡعٌ ۚ وَ اِنۡ تَعۡدِلۡ کُلَّ عَدۡلٍ لَّا یُؤۡخَذۡ مِنۡہَا ؕ اُولٰٓئِکَ الَّذِیۡنَ اُبۡسِلُوۡا بِمَا کَسَبُوۡا ۚ لَہُمۡ شَرَابٌ مِّنۡ حَمِیۡمٍ وَّ عَذَابٌ اَلِیۡمٌۢ بِمَا کَانُوۡا یَکۡفُرُوۡنَ ﴿۷۰﴾

অর্থ. যারা ধর্মকে খেল তামাশার বস্তুতে পরিণত করেছে, পার্থিব জীবন যাদেরকে ধোকায় ফেলে রেখেছে, আপনি তাদেরকে বর্জন করে চলুন। কোরআন দ্বারা তাদেরকে পরোক্ষভাবে উপদেশ দিতে থাকুন। (কিয়ামতের দিন) আল্লাহ ব্যতীত আর কোন বন্ধু ও সুপারিশকারী নেই। যদি তার বিনিময়স্বরূপ দুনিয়া ভরপুর বস্তু দিয়েও আল্লহর শাস্তি হতে মুক্তি পেতে চায়, তাহলে সেই বিনিময়ও গ্রহণ করা হবে না। তারা এমন লোক যারা

নিজেদের কর্মদোষে আটকে গেছে। তাদের জন্য রয়েছে ফুটন্ত গরম পনি ও যন্ত্রনাদায়ক শাস্তি। আর এটা তাদের কুফরীর কারণে। [সূরা আনআম-৭০]

শরীয়ত বিরোধী মজলিস থেকে দূরে থাকতে হবে

উল্লেখিত আয়াতে মুসলমানদেরকে একটি গুরুত্বপূর্ণ মৌলিক নির্দেশ দেয়া হয়েছে। তাহলো, যে কাজ নিজে করা গুনাহ সে কাজ যারা করে তাদের মজলিসে যোগদান করাও গুনাহ। ইমাম জাসসাস রহ. আহকামুল কুরআনে উক্ত আয়াতের তাফসীরে বলেছেন, "যে মজলিসে আল্লাহ ও তাঁর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কিংবা শরীয়তের বিপক্ষে কথাবার্তা বলা হয় এবং তা বন্ধ করা/করানো, কিংবা কমপক্ষে সত্য কথা প্রকাশের সাধ্য না থাকে, তবে এরূপ প্রত্যেকটি মজলিস বর্জন করা মুসলমানের ঈমানী দায়িত্ব।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

وَ قَدْ نَزَّلَ عَلَيْكُمْ فِي الْكِتٰبِ اَنْ اِذَا سَمِعْتُمْ اٰيٰتِ اللّٰهِ يُكْفَرُ بِهَا وَ يُسْتَهْزَاُ بِهَا فَلَا تَقْعُدُوْا مَعَهُمْ حَتّٰى يَخُوْضُوْا فِيْ حَدِيْثٍ غَيْرِهٖۤ ۖ اِنَّكُمْ اِذًا مِّثْلُهُمْ ؕ اِنَّ اللّٰهَ جَامِعُ الْمُنٰفِقِيْنَ وَ الْكٰفِرِيْنَ فِيْ جَهَنَّمَ جَمِيْعَا ۝۱۴۰

অর্থ. এবং কোরআনের মাধ্যমে আল্লাহ তায়ালা তোমাদের প্রতি এই হুকুম জারি করেছেন যে, যখন আল্লাহ তায়ালার আয়াতসমূহের প্রতি অস্বীকৃতি জ্ঞাপন, উপহাস, ঠাট্টা-বিদ্রুপ হতে শুনবে, তখন তোমরা তাদের সাথে বসবে না। যতক্ষণ না তারা প্রসঙ্গ পাল্টায়। তা না হলে তোমরাও তাদেরই মত হয়ে যবে। নিশ্চয় আল্লাহ তায়ালা সকল মুনাফিক ও কাফেরদেরকে জাহান্নামে সমবেত করবেন। [সূরা নিসা- ১৪০]

সত্যের উপর প্রতিষ্ঠিত দল কোনটি ?

বর্তমানে ইসলামের সাইনবোর্ড লাগানো প্রচলিত যতগুলো দল আছে, তাদেরকে যদি প্রশ্ন করা হয়; বলুন তো হক্বপন্থি দল কোনটি ? তখন তারা প্রত্যেকে রঙিন যুক্তি দেখিয়ে সর্বাগ্রে নিজের দলের নাম বলবে যে, আমার দলই হক্বপন্থি। আবার প্রায়ই সাধারণ লোকজন -এমনকি ইসলামকে বিজয়ী রূপে পাওয়ার মন মানষিকতা সম্পন্ন মুসলিমগণও- এমন কথা বলে থাকেন যে, আমি সক্রিয়ভাবে কোন দলকে সমর্থন করি না। কারণ কোনটি

পরিপূর্ণ সঠিক দল, আল্লাহর প্রিয় দল, তা আমার কাছে স্পষ্ট নয়। তবে কোনটা সঠিক দল তার পরিচয় জানা একান্তই প্রয়োজন।

সান্তনার কথা এই যে, কোরআনে মহান আল্লাহ ইরশাদ করেন-

وَيَهْدِيٓ إِلَيْهِ مَنْ أَنَابَ ۝٢٧

অর্থ. যে হিদায়াত (সঠিক পথ) পেতে চায়, তিনি অবশ্যই তাকে সঠিক পথ দেখাবেন। [সুরা রা'দ - ২৭]

এছাড়াও আল কোরআনে জোরালোভাবে বারবার ঘোষণা হয়েছে যে, এটা মানব জাতির জন্য পথ প্রদর্শক। এতে সব ব্যাপারে সমাধান আছে, সকল ব্যাপারে খুটিনাটি বিবরণ না থাকলেও অন্ততঃ যেকোন ব্যাপারে আল কোরআনে মুলনীতি দেওয়া আছে।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

ذَٰلِكَ الْكِتَٰبُ لَا رَيْبَ ۛ فِيهِ ۛ هُدًى لِّلْمُتَّقِينَ ۝٢

অর্থ. এটা সেই কিতাব যাতে কোন সন্দেহ নাই। এটা পরহেযগারদের জন্য পথ প্রদর্শনকারী। [সূরা বাকারা-২]

এটা কিভাবে সম্ভব যে আল কোরআন মুত্তাকীদের জন্য পথ প্রদর্শক; অথচ সেখানে কোন দল সঠিক ও ভাল, মুসলিমগণ কোন দলকে বেছে নিবে, সে ব্যাপারে কোন গাইড লাইন থাকবে না!!! আলহামদুলিল্লাহ! এ ব্যাপারেও মহান আল্লাহ তায়ালা আমাদেরকে অন্ধকারে রেখে দেননি; বরং সুস্পষ্টভাবে তার পছন্দনীয় দলের কিছু বৈশিষ্ট উল্লেখ করেছেন, যা দেখে মানুষ সহজেই বুঝতে পারে যে, কোন্ দল সত্য, সত্যের উপর প্রতিষ্ঠিত, কোন্ দলকে মুসলিমদের সাপোর্ট করা উচিত।

এ কথা আমাদের সকলেরই জানা যে, বর্তমানে মুসলিম দেশসমূহের কোন শাসকই মুসলমানদের শাসক নয়; এরা শুধুমাত্র মুসলিম ভূখন্ডের শাসক। তাই মুসলমানদের উপর চলমান জুলুম নির্যাতনে, আল্লাহর দ্বীন ও রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর অপমানে তাদের কিছু আসে যায় না। তারা আপন দ্বীন থেকে ফিরে গেছে এবং অসংখ্য মানুষ তাদের ভ্রষ্টতার অনুস্বরণ করে চলছে। তাহলে দেখা যাক, মহান আল্লাহ তায়ালা অন্য কোন দলকে দাড় করিয়েছেন কিনা ? কারণ, আল্লাহর নিয়ম হচ্ছে,

যখনই কোন দল সত্য থেকে বিচ্যুত হয়ে যায়, তখনই এর স্থানে অপর এক দল দাড় করিয়ে দেন।

মহান আল্লাহ ইরশাদ করেন-

وَاِنۡ تَتَوَلَّوۡا یَسۡتَبۡدِلۡ قَوۡمًا غَیۡرَکُمۡ ۙ ثُمَّ لَا یَکُوۡنُوۡۤا اَمۡثَالَکُمۡ ﴿۳۸﴾

অর্থ. যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে তিনি তোমাদের পরিবর্তে অন্য জাতিকে প্রতিষ্ঠিত করবেন। (নতুন প্রতিষ্ঠিতরা) তোমাদের মতো আল্লাহর দ্বীন থেকে বিমুখ হবে না। [সূরা মুহাম্মদ-৩৮]

এক সময় বনী ইসরাঈলেরা হকের উপর ছিল। পরবর্তীতে যখন তারা হক্ব থেকে সরে দাড়ায়, তখন মহান আল্লাহ তায়ালা অপর এক হক্ব দল দাড় করিয়ে দেন। ঠিক তেমনি ইসলামের যুগে যুগে, একেক সময় একেক দল সত্যের ঝান্ডা বহন করেছে। কখনো ইসলামী রাষ্ট্রের রাজধানী ছিল মদিনা, কখনো কুফা, কখনো দামেস্ক, কখনো বাগদাদ, কখনো ইস্তাম্বুল। সুতরাং একটি দল সত্য থেকে বিচ্যুত হবার পর মহিমান্বিত আল্লাহ কীভাবে আরেকটি নতুন দল দাড় করাবেন? কী হবে তার পরিচয়? কী কী গুণ তাদের মাঝে থাকবে? এ সবকিছুর গাইড লাইন হিসাবে আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

یٰۤاَیُّهَا الَّذِیۡنَ اٰمَنُوۡا مَنۡ یَّرۡتَدَّ مِنۡکُمۡ عَنۡ دِیۡنِهٖ فَسَوۡفَ یَاۡتِی اللّٰهُ بِقَوۡمٍ یُّحِبُّهُمۡ وَ یُحِبُّوۡنَهٗۤ ۙ اَذِلَّةٍ عَلَی الۡمُؤۡمِنِیۡنَ اَعِزَّةٍ عَلَی الۡکٰفِرِیۡنَ ۫ یُجَاهِدُوۡنَ فِیۡ سَبِیۡلِ اللّٰهِ وَ لَا یَخَافُوۡنَ لَوۡمَةَ لَآئِمٍ ؕ ذٰلِکَ فَضۡلُ اللّٰهِ یُؤۡتِیۡهِ مَنۡ یَّشَآءُ ؕ وَ اللّٰهُ وَاسِعٌ عَلِیۡمٌ ﴿۵۴﴾

অর্থ. হে মুমিনগণ! তোমাদের মধ্য থেকে যারা আল্লাহর দ্বীন হতে ফিরে যাবে, অনতিবিলম্বে আল্লাহ তায়ালা (তাদের স্থলে) এমন এক দলকে নিয়ে আসবেন, **যাদেরকে তিনি ভালবাসেন এবং তাঁরাও তাকে ভালবাসবে। তাঁরা হবে মু'মিনদের প্রতি কোমল, কাফেরদের বিরুদ্ধে কঠোর। তাঁরা আল্লাহর রাস্তায় লড়াই করবে, এবং কোন তিরস্কারকারীর তিরস্কারে ভীত হবে না।** এটা আল্লাহ পাকের অনুগ্রহ আল্লাহ যাকে ইচ্ছা তাকে দান করেন। এবং তিনি অধিক প্রশস্ত, প্রজ্ঞাবান। [সূরা মায়েদা-৫৪]

উক্ত আয়াতে দেখা যাচ্ছে, একটি দল তার সত্য দ্বীন থেকে ফিরে গেলে তাদের পরিবর্তে আরেকটি দল নিয়ে আসার কথা বলা হয়েছে।

আর পূর্ববর্তী দলের পরিবর্তে যে দলকে আল্লাহ তায়ালা নিয়ে আসবেন, সেটা অব্যশ্যই ভাল ও আল্লাহর প্রিয় দল হবে। দুনিয়ার মানুষ তা স্বীকার করুক বা না করুক। কেননা, কোন ব্যক্তি যদি কোন উদ্দেশ্যে কিছু তৈরী করে, আর সেটা নষ্ট হয়ে যায়, তার দ্বারা উদ্দেশ্য সাধিত না হয়, তাহলে তার পরিবর্তে যেটা তৈরী করবেন সেটা আবশ্যই ভাল, পছন্দনীয়, মন মুগ্ধকর করে তৈরী করবেন। যাতে আরও সুন্দরভাবে উদ্দেশ্য সাধিত হয়।

আল্লাহর প্রিয় দলের বৈশিষ্ট সমূহ

এখানে মহান আল্লাহ তায়ালা তার প্রিয় দলের ছয়টি বৈশিষ্ট উল্লেখ করেছেন।

প্রথম বৈশিষ্ট.

সেই দলকে আল্লাহ তায়ালা ভালবাসেন-

দুনিয়াতে আল্লাহর রহমত ব্যাপক হওয়ার কারণে হয়তো অনেকেই মনে করে থাকেন আল্লাহ তায়ালা তার বিশেষ ভালবাসাকে এমন একটি গুণের সাথে সংযুক্ত করে দিয়েছেন যে, ঐ গুণ যেখানে থাকবে, সেখানেই আল্লাহর ভালবাসা থাকবে। আর সেই গুণটি হলো, আল্লাহর রাস্তায় জিহাদ করা।

এ ব্যাপারে মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

إِنَّ اللَّهَ يُحِبُّ الَّذِينَ يُقَاتِلُونَ فِي سَبِيلِهِ صَفًّا كَأَنَّهُم بُنْيَانٌ مَّرْصُوصٌ ۝

অর্থ. নিশ্চয় আল্লাহ তায়ালা তাদের ভালবাসেন যারা তার পথে সীসাঢালা সুদৃঢ় প্রচীরের ন্যায় সারিবদ্ধভাবে যুদ্ধ করে। [সূরা সফ্ফ-৪]

বাস্তবতা, বলুন তো! কোন্ দলটি এমন আছে, যাদেরকে নিঃশেষ করে দিতে বিশ্বের সমস্ত কুফুরী ও তাগুতি শক্তি একট্টা? যাদের বিরুদ্ধে একের পর এক হামলা চালানোই হচ্ছে? অথচ তারা গুহা থেকে সারা দুনিয়ায় ছড়িয়ে পড়েছে? যাদের সংখ্যা এক সময় খুবই কম (বদরী সাহাবীদের সংখ্যার কাছাকাছি) ছিল। আর এখন বিশ্বের প্রায় তেরটি অঞ্চলে শরীয়া প্রতিষ্ঠা করে কালিমার ঝাড়া উত্তোলন করেছে। এত কঠিন সময়ের পরও তাদের এভাবে বিস্তার লাভ করা তাদের প্রতি আল্লাহর ভালবাসার নিদর্শন নয় কি???

দ্বিতীয় বৈশিষ্ট.

তাঁরাও আল্লাহ তায়ালাকে ভালবাসবে-

আল্লাহ তায়ালাকে ভালবাসা ও তার সাথে গভীর সম্পর্কের দাবীদার ইয়াহুদীদেরকে লক্ষ্য করে,

মহান আল্লাহ ইরশাদ করেন-

قُلْ يٰٓاَيُّهَا الَّذِيْنَ هَادُوْٓا اِنْ زَعَمْتُمْ اَنَّكُمْ اَوْلِيَآءُ لِلّٰهِ مِنْ دُوْنِ النَّاسِ فَتَمَنَّوُا الْمَوْتَ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝

অর্থ. আপনি বলে দিন, হে ইয়াহুদীরা! যদি তোমরা মনে কর কেবল তোমরাই আল্লাহর বন্ধু, অন্যকোন মানুষ নয়। তবে তোমরা (আল্লাহর জন্য) মৃত্যু কমনা কর যদি তোমরা (আল্লাহকে ভালবাসার দাবীতে) সত্যবাদী হও। [সূরা জুমু'আহ -৬, সূরা বাকারাহ - ৯৪]

পৃথিবীতে যত মানুষ আছে সকলেরই দাবী হলো, তারা আল্লাহ তায়ালাকে ভালবাসে। তারাই আল্লাহর প্রিয় বান্দা। যেমন ইয়াহুদীদের দাবী ছিল, তারাই আল্লাহর ভালবাসার পাত্র। তাদের সকলকে লক্ষ্য করে মহান আল্লাহ তায়ালা বলেন। ওহে! তোমরা যারা আমার ভালবাসা ও প্রিয় পাত্র হওয়ার দাবীদার! তোমরা আমার সন্তুষ্টির জন্য মৃত্যু কামনা করে দেখাও! যদি তোমাদের দাবীতে সত্যবাদী হও! কিন্তু দুঃখজনক হলেও সত্য যে, আল্লাহকে ভালবাসা ও প্রিয় পাত্র হওয়ার দাবীদারের অভাব নেই; কিন্তু আল্লাহর জন্য মৃত্যু কামনা করা মানুষের বড়ই অভাব। সকলেই বলে, বাঁচতে চাই; মরতে চাইনা।

সুতরাং বুঝা যাচ্ছে, তাদের ভালবাসার দাবী করাটা লৌকিকতা ছাড়া আর কিছুই নয়। কেননা ভলবাসার দাবীই হলো, আমি যাকে ভালবাসব আমার হৃদয়ের আসনে যাকে বসাবো, তার সন্তুষ্টিই হলো কামনা-বাসনা। তাকে খুশি করতে আমার অনুকুল-প্রতিকুল সব অবস্থায় তার কথা মেনে নিব। তার কথার বিরুদ্ধাচরণ করব না। তার ভালবাসার সামনে আমার ব্যক্তিত্ব মূল্যহীন।

যেমন, কোন ছেলে কোন মেয়েকে গভীরভাবে ভালবাসে। আর মেয়ে উক্ত ভালবাসার ভিত্তিতে যদি ছেলেকে অমানিশার ঘোর আঁধারে মধ্যরাতে কোন স্থানে দেখা করতে বলে। তখন ছেলে যদি প্রকৃতপক্ষে মেয়েকে

গভীরভাবে ভালবাসে, কালবিলম্ব না করেই তার ভালবাসার সামনে আপন অস্তিত্ব মূল্যহীন প্রমাণ করতে চড়াই উৎড়াই উপেক্ষা করে তার আদেশ পালনের জন্য ব্যাকুল উন্মাদ হয়ে উঠে।

ঠিক তদ্রুপ যদি কেউ আল্লাহকে ভালবাসে, তাহলে তার ভালবাসার দাবী হল তার সকল আদেশ–নিষেধ মেনে নেওয়া। তা যতই কঠিন থেকে কঠিনতর হোক না কেন। তার আদেশ নিষেধের সামনে আপন অস্তিত্ব মূল্যহীন প্রমাণ করতে সকল হুকুম পালনে সদা প্রস্তুত থাকা। উক্ত আয়াতে আল্লাহ তায়ালাকে ভালবাসা ও প্রিয় পাত্র হওয়ার জন্য একটা মাপকাঠি নির্ধারণ করেছেন। আর তা হল তাঁর সন্তুষ্টির জন্য মৃত্যু কামনা করা। অথচ অধিকাংশ মানুষ আল্লাহকে ভালবাসার দাবী করে, আবার আল্লাহর জন্য মৃত্যু কামনা করাকে ঘৃণাভরে দেখে।

পৃথিবীতে এমন একটি দল আছে, যারা আল্লাহর সন্তুষ্টির জন্য মৃত্যু কামনা করে, তার পথে মৃত্যু (শহীদ) হওয়ার জন্য দোয়া করে, মানুষের কাছে দোয়া চায়। কাফিরদের কাছে মদ ও নারী যেমন প্রিয়; তাদের কাছে আল্লাহর জন্য মৃত্যু (শহীদ হওয়া) তার থেকেও বেশী প্রিয়।

বাস্তবতা, দেখুন তো! একমাত্র আল্লাহর দ্বীনের জন্য বর্তমানে কারা হাসতে হাসতে জীবন দিচ্ছে? কোন দলের লোকেরা সবচেয়ে বেশী রক্ত ঝড়াচ্ছে? কারা আল্লাহর প্রেমে ধনকুপের রাজকুমার হওয়ার পরেও পাহাড়-পর্বতকে বেছে নিয়েছে? কারা দ্বীনের স্বার্থে এক দেশ থেকে আরেক দেশে ছুটে বেড়াচ্ছে? এটা কি আল্লাহর প্রতি তাদের ভালবারার নিদর্শন নয়?

তৃতীয় বৈশিষ্ট হল.

সেই দলটি মু'মিনদের প্রতি বিনয়ী হবে,
মু'মিনদের ব্যাপারে তাদের গুণ বর্ণনা করতে গিয়ে,
মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ ؕ وَالَّذِيْنَ مَعَهٗۤ اَشِدَّآءُ عَلَى الْكُفَّارِ رُحَمَآءُ بَيْنَهُمْ

অর্থ. মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আল্লাহর রাসূল। তার সাহাবীগণ কাফিরদের বিরুদ্ধে কঠোর ও নিজেদের মধ্যে পরস্পরে সহানুভূতিশীল। [সূরা ফাতাহ-২৯]

মহান আল্লাহ শুধু তাদের গুণ বর্ণনা করেই ক্ষান্ত হননি, বরং আদেশ করেছেন।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

وَاخۡفِضۡ جَنَاحَكَ لِمَنِ اتَّبَعَكَ مِنَ الۡمُؤۡمِنِيۡنَ ﴿٢١٥﴾

অর্থ. মুমিনদের জন্য দয়ার ডানা বিছিয়ে দাও। [সূরা শু'আরা-২১৫]

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন-

لا تدخلون الجنة حتي تؤمنوا و لا تؤمنوا حتي تحابوا

অর্থ. তোমরা জান্নাতে প্রবেশ করতে পারবে না, যতক্ষণ পর্যন্ত পরিপূর্ণ ঈমানদার না হবে। আর পরিপূর্ণ ঈমানদার হতে পারবে না, যতক্ষণ মু'মিনদেরকে পরস্পর ভাল না বাসবে। [আল ইবানাতুল কুবরা লি ইবনে বাত্তাহ]

মুমিনদের প্রতি বিনয়ী, নম্র মানেই হলো তাদের সাথে সদাচরণ করা, তাদের দুঃখে দুঃখিত ও তাদের সুখে সুখী হওয়া। ঐ দল মুসলিম উম্মাহর সাথে এক দেহ এক প্রাণের মত হয়ে যাবে।

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন-

مَثَلُ الْمُؤْمِنِ كَجَسَدٍ وَاحِدٍ إِنْ اشْتَكَى رَأْسُهُ اشْتَكَى كُلُّهُ

অর্থ. মু'মিনদের দৃষ্টান্ত হল একটি দেহের মত। যদি তার দেহের একটি অংশ অসুস্থ হয় সারা দেহই তার কষ্ট অনুভব করে। [বুখারী- মুসলিম]

আল্লাহর বর্ণিত সেই দলটি এমন হবেনা যে, ফিলিস্তিনের শতশত মুসলিম মারা যাচ্ছে। বার্মায় মুসলিমদের প্রতি অমানবিক নির্যাতন চলছে। এমন অবস্থায় তারা তথাকথিত কোন ইস্যুর রাজনীতি নিয়ে মিছিল, মিটিং ও অবরোধে ব্যস্ত। মুনাফিক ও মুরতাদদের সাথে আতাত করে তা'লীম তায়াল্লুমে লিপ্ত। মুসলিমদের দূর্দশা নিয়ে তাদের কোন মাথাব্যাথা নেই। শত্রুরা বিভিন্ন মুসলিম দেশ দখল করে রেখেছে, মুসলিম মা-বোনদেরকে বন্দি রেখে পালাক্রমে ধর্ষণ করছে, অথচ সেই দলের এক্ষেত্রে কোন ভূমিকা নেই। তারা শুধু নিজেদের নিয়ে ব্যস্ত। বরং মুমিনদের প্রতি নম্র ও সহানুভুতিশীল ঐ দল যেকোন মুসলিম ভূমি গ্রাস হলে তা পুণরুদ্ধারের জন্য ফরয জিহাদে শরীক হবে। অসহায় নির্যাতিত মুলিমদের পাশে

দাড়াবে ও মুসলিম বন্দিদেরকে উদ্ধারের জন্য নিজের সবকিছু বিসর্জন দিয়ে ত্বাগুতের প্রাণকেন্দ্র ওয়াশিংটন পর্যন্ত পৌঁছে যাবে।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

وَ مَا لَكُمْ لَا تُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَ الْمُسْتَضْعَفِيْنَ مِنَ الرِّجَالِ وَ النِّسَآءِ وَ الْوِلْدَانِ الَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَآ اَخْرِجْنَا مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ اَهْلُهَا ۚ وَ اجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ وَلِيًّا ۚ وَّ اجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ نَصِيْرًا ﴿۷۵﴾

অর্থ. তোমাদের কি হল! তোমরা আল্লাহর পথে লড়াই করছো না! অথচ অসহায় পুরুষ-নারী ও শিশুরা ফরিয়াদ করে বলছে, "হে আমাদের প্রতিপালক! আমাদেরকে বের করো অত্যাচারী এই জনপদ থেকে। তোমার পক্ষ থেকে আমাদের জন্য একজন অভিভাবক নির্বাচন করো এবং আমাদের জন্য তোমার পক্ষ থেকে সাহায্যকারী পাঠাও। [সূরা নিসা-৭৫]

এমন তো কখনই হয়না যে, আমরা স্বীয় পিতা-মাতার প্রতি খুবই নম্র, কোমল, সহানুভূতিশীল। কিন্তু কোন ডাকাত দল পিতা-মাতার উপর আক্রমণ করল, আর আমরা কিছু না করেই বসে থাকি। যদি হাতের দ্বারা প্রতিরোধ শক্তি না থাকে, তাহলে অন্তত মুখে চিৎকার করে আশেপাশের মানুষকে ডাক দেই। এতটুকু না করলে তো পিতা-মাতাকে সম্মান করা বা তাদের সাথে নম্র ব্যবহার ও সহানুভূতিশীল প্রমাণিত হবেনা; বরং ভন্ডামী হবে। আর যদি আমরা নিজেরাই ঐ ডাকাত দলের সাথে বন্ধুত্ব করি! তাহলে কি পরিস্থিতি হবে?

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا تَعَلَّمُوا الْعِلْمَ لِتُبَاهُوا بِهِ الْعُلَمَاءَ وَلَا لِتُمَارُوا بِهِ السُّفَهَاءَ وَلَا تَخَيَّرُوا بِهِ الْمَجَالِسَ فَمَنْ فَعَلَ ذَلِكَ فَالنَّارُ النَّارُ

অর্থ. হযরত জাবের রাযি. থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন, ইলম দ্বারা ওলামায়ে কেরামকে হতবাক করা নির্বোধদের সাথে বিতর্ক করা এবং লোক জমানোর উদ্দেশ্যে ইলম অর্জন করোনা। যে এরূপ করবে তার জন্য রয়েছে আগুন, আগুন।
[সহীহ ইবনে হিব্বান-১/২৭৯, ইবনে মাজাহ- ২৫৩]

"হিকমাহ" এর পর্যালোচনা

ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। এ জীবন ব্যবস্থা বাস্তবায়নকে সামনে রেখেই মূলত লক্ষাধিক নবী রাসূলের পৃথিবীতে আগমন। সর্বশেষ নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সে লক্ষ্যেই মিথ্যার ভয়কে জয় করে, হাজারো প্রতিকূলতা উপেক্ষা করে, সীমাহীন জুলুম নির্যাতনের শিকার হয়েও দ্বীনের দাওয়াত নিয়ে ছুটেছিলেন তৎকালীন সমাজের লোকদের কাছে। পৌঁছিয়ে দিয়েছেন সত্যের বাণী স্পষ্ট ভাষায়। বিদায় হজের সময় কাট-ছাট করা ব্যতীরেখে এ গুরু দায়িত্ব অর্পণ করেন মুসলিম উম্মাহর উপর। সে দায়িত্ব পালনার্থে মুসলিম উম্মাহর অধিকাংশই ভীরুতা ও স্বার্থপরতার কারণে প্রতিকূলতার অযুহাত পেশ করে সত্যকে গোপন করে দ্বীনকে কাট-ছাট করে উপস্থাপন করছে। আর সেটাকে হিকমাহ বলে চালিয়ে দিচ্ছে। অথচ হিকমাহ অবলম্বন করেই আল্লাহর পথে পরিপূর্ণভাবে আহবান করা আল্লাহ তায়ালার বিধান।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

ادْعُ إِلَىٰ سَبِيلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ ﴿١٢٥﴾

অর্থ. আপনি পালনকর্তার পথে আহবান করুন হিকমাহ ও উত্তম উপদেশের মাধ্যমে। [সূরা নাহল-১২৫]

এখানে আহবান করার জন্য হিকমাহ অবলম্বন করতে বলা হয়েছে। হিকমাহ শব্দের ব্যাখ্যায় মুফাসসিরগণ অর্থ করেছেন 'কুরআন ও সুন্নাহ'। অর্থাৎ কুরআন সুন্নাহ অনুযায়ী দাওয়াত দিলেই হিকমাহ'র উপর সঠিকভাবে আমল হবে। কেননা হিকমাহ শব্দের অর্থ হল প্রজ্ঞা, কৌশল। আর কুরআনের একটি নাম হলো, হাকীম। অর্থাৎ পজ্ঞাময় কৌশলে পূর্ণ এক মহান কিতাব। কুরআনে বর্ণিত হিকমাহ অনুস্বরণ করলেই কেবল হিকমাহ বলে গণ্য হবে। আমরা যদি কুরআন হাদীসে সমাধান থাকার পরেও এর বাহিরে সমাধান তালাশ করি, আর তা হিকমাহ হিসেবে গ্রহণ করি, তাহলে তা হবে হিকমাহ'র নামে ধোকাবাজি।

যেমন, কোন শত্রু এলাকায় প্রকাশ্যে নামায, রোযা পালন করা যায়না। করলে হামলা হয়, বাধা সৃষ্টি হয়। এ ক্ষেত্রে আমরা কী করব? এ ক্ষেত্রে ইসলামে যে হিকমাহ অবলম্বন করার বিধান আছে তাই করতে হবে। যেমন, প্রকাশ্যে নামায রোযা আদায় করা না গেলে গোপনে হলেও তা করতে হবে। কোন অবস্থাতেই এ বিধান ত্যাগ করার সুযোগ নেই। অসুখ হলে মসজিদে যেতে অক্ষম হলে বাড়িতে নামায আদায় করতে হবে। রুকু সিজদা করতে অক্ষম হলে ইশারায় আদায় করবে। সমস্যা সৃষ্টির অযুহাতে নামায রোযা বাদ দেয়ার সুযোগ ইসলামে নেই। বরং ইসলামের হিকমাহ হলো প্রকাশ্যে না পারলে গোপনে, যথাযথভাবে না পারলে ইশারায় বিকল্প পন্থায় হলেও ফরজ আদায় করতে হবে। ফরজ আদায় থেকে বিরত থাকা যাবেনা। বিরত থেকে কেউ যদি বলে, আমি হিকমাহ অবলম্বন করেছি। তা কোনভাবেই হিকমাহ হবেনা। বরং আল্লাহর বিধান অমান্য করার শামিল হবে।

তদ্রুপ দ্বীন কায়েম করা মহান আল্লাহ ফরজ করেছেন। আল্লাহ তায়ালা বলেন,

أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ ۚ

তোমরা দ্বীন কায়েম কর। পরস্পর বিচ্ছিন্ন হয়োনা। [সূরা শূরা-১৩]

আবার মহান আল্লাহ তায়ালা দ্বীন কায়েম করার পদ্ধতিও বলে দিয়েছেন। তা হলো ক্বিতাল ফী সাবীলিল্লাহ।

আল্লাহ তায়ালা বলেন-

وَ قَاتِلُوْهُمْ حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ وَّ يَكُوْنَ الدِّيْنُ كُلُّهٗ لِلّٰهِ ۚ فَاِنِ انْتَهَوْا فَاِنَّ اللّٰهَ بِمَا يَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿۳۹﴾

অর্থ. তোমরা সদা কাফেরদের সাথে লড়াই করতে থাক ফিতনা অবসান হওয়া ও দ্বীন সম্পূর্ণরূপে আল্লাহর জন্য প্রতিষ্ঠা হওয়ার আগ পর্যন্ত।

[সূরা আনফাল-৩৯]

কেবলমাত্র কিতালের দ্বারাই দ্বীন কায়েম করতে হবে। তার বাধ্যবাধকতাও আল্লাহ তায়ালা ঘোষণা করেছেন-

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَ هُوَ كُرْهٌ لَّكُمْ ۚ وَ عَسٰۤى اَنْ تَكْرَهُوْا شَيْـًٔا وَّ هُوَ خَيْرٌ لَّكُمْ ۚ وَ عَسٰۤى اَنْ تُحِبُّوْا شَيْـًٔا وَّ هُوَ شَرٌّ لَّكُمْ ؕ وَ اللّٰهُ يَعْلَمُ وَ اَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿۲۱۶﴾

অর্থ. তোমাদের জন্য কিতালকে অপরিহার্য করা হয়েছে, অথচ তা তোমাদের নিকট অপছন্দনীয়। তোমরা একটি বিষয় অপছন্দ করো যা তোমাদের জন্য কল্যাণকর। আর এমন বিষয়কে পছন্দ করছো যা তোমাদের জন্য অকল্যাণকর। মূলত আল্লাহই জানেন, তোমরা জাননা।

[সূরা বাকারা-২১৬]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঐতিহাসিক বদর প্রান্তরে এই পদ্ধতিতেই দ্বীন কায়েম করে উম্মাহর জন্য উজ্জ্বল দৃষ্টান্ত রেখে গেছেন।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

وَ اِذْ يَعِدُكُمُ اللّٰهُ اِحْدَى الطَّآىِٕفَتَيْنِ اَنَّهَا لَكُمْ وَ تَوَدُّوْنَ اَنَّ غَيْرَ ذَاتِ الشَّوْكَةِ تَكُوْنُ لَكُمْ وَ يُرِيْدُ اللّٰهُ اَنْ يُّحِقَّ الْحَقَّ بِكَلِمٰتِهٖ وَ يَقْطَعَ دَابِرَ الْكٰفِرِيْنَ ﴿۷﴾

অর্থ. আর তোমরা স্বরণ কর সেই সময়টিকে যখন আল্লাহ তায়ালা দুটি দলের একটির ব্যাপারে তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়েছেন। আর তোমরা তো এমন দলের মুকাবেলা করাকে পছন্দ করতে যাতে কোন কন্টক (তুমুল লড়াই) নেই। অথচ আল্লাহ তায়ালা চাচ্ছেন স্বীয় নিদর্শন দ্বারা সত্যকে সত্যরূপে প্রতিষ্ঠা করতে । তিনি আরো চাচ্ছেন কাফেরদের শিকড় কেটে দিতে। [সূরা আনফাল-৭]

উক্ত আয়াত নাযিলের প্রেক্ষাপট মুসলিম উম্মাহকে ম্যাসেজ দিচ্ছে যে, আল্লাহর জমীনে দ্বীন কায়েম করতে হলে তার দেয়া পদ্ধতি জিহাদের মাধ্যমে কন্টকাকীর্ণ পথেই করতে হবে। ভিন্ন কোন পদ্ধতিতে সম্ভব নয়।

কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীর্ঘ ১৪ বছর অক্লান্ত মেহনতের ফসল ৩১৩ জন সাহাবীকে সাথে নিয়ে ২য় হিজরীর ১২ই রমাদান শনিবার ঐতিহাসিক বদর প্রান্তে সমবেত হন। প্রাথমিকভাবে সাহাবীদের একাংশের মনোবল ছিল দুর্বল। কারণ তাদের পেটে খাবার ছিলনা। দেহে কাপড় ছিলনা। এমনকি যুদ্ধের সরঞ্জামও ছিল খুবই কম। যথা ৭০টি উট, ২টি ঘোড়া, ৬টি লৌহবর্ম, ৮টি তরবারী। আর ৯৫০ জন মুশরিক ১০০টি ঘোড়াসহ বিপুল অস্ত্রশস্ত্র নিয়ে সুসজ্জিত ছিল। এমন কঠিন মুহূর্তে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সিজদায় পড়ে দোয়া করেছেন,

"اللهم إني أنشدك عهدك ووعدك، اللهم إن تهلك هذه العصابة لا تعبد"

অর্থ ঃ হে আল্লাহ! আমি আপনাকে আপনার প্রতিশ্রুতি পূরণ করার জন্য প্রার্থনা করছি। হে আল্লাহ! আপনি যদি চান যে, এই ছোট মুসলিম বাহিনী পরাজিত হোক। তবে পৃথিবীতে আপনার ইবাদত করার মতো লোক আর অবশিষ্ট থাকবে না। [আল বিদায়াহ ওয়ান নিহায়াহ]

এমন প্রতিকূল পরিস্থিতিতে নব দীক্ষিত মুসলিম হিসেবে মনোবল দূর্বল হতেই পারে। তাই সাহাবায়ে কেরাম আল্লাহর দেয়া প্রতিশ্রুতির কারণে আবু জাহলের বাহিনীর সাথে যুদ্ধ করা ব্যতীত আবু সুফিয়ানের কাফেলার উপর বিজয় চেয়েছিলেন। যা অর্জন করতে যুদ্ধের প্রয়োজন হবেনা। কিন্তু আল্লাহ তায়ালা চেয়েছিলেন এর বিপরীত। তার কারণ হলো, এখানে সাহাবীগণের চাওয়ার মধ্যে বাহ্যিক কিছু ফায়দা থাকলেও ক্ষতির পরিমাণ ছিল বেশি। ইতিহাস এবং অভিজ্ঞতার দ্বারা একথা প্রমাণিত যে, যখনি কোথাও তাগুতি শক্তি মাথা তুলেছে এবং কুফরী হুকুমত কায়েম হয়েছে তখনি পৃথিবীটা জাহান্নামের গহ্বরে পরিণত হয়েছে। বিপর্যয়, জুলুম, অত্যাচার, হত্যা, রাহাযানি, অশান্তি এবং বিশৃঙ্খলা ইত্যাদি সেখানকার পরিবেশ উত্তপ্ত করেছে। ইসলাম পৃথিবীতে শান্তি ও নিরাপত্তার পরিবেশ সৃষ্টি করতে চায়। কিন্তু কুফর ও তাগুতি শক্তি পৃথিবীর জন্য একটি বিষাক্ত সংক্রামক ফোঁড়াসরূপ। যার অপারেশন ব্যতিরেখে পৃথিবীতে কোনদিন শান্তি আসতে পারেনা। এ অবস্থায় সর্বদাই বিশ্বশান্তি ব্যহত হয়।

এজন্য যখনি কুফরী শক্তিগুলো মাথাচাড়া দিয়ে মুসলিমদেরকে ধ্বংসের দ্বারপ্রান্তে উপনীত করে, অথবা এই কুফরী ও তাগুতি শক্তিগুলো একট্টা হয়ে দ্বীন কায়েম ও মুসলিমদের বিরুদ্ধে হুমকির কারণ হয়ে দাড়ায়, তখনি ইসলাম নির্দেশ দেয় যে, তোমরা এই অপশক্তির বিরুদ্ধে লড়াই করে সংক্রমণশীল অংশগুলো কেটে দাও। যাতে দ্বীন কায়েম ও বিশ্বশান্তি প্রতিষ্ঠায় কোন প্রতিবন্ধকতা না থাকে। এবং আল্লাহর আল্লাহর বান্দাগণ শান্তি ও নিরাপত্তার সাথে জীবন যাপন করে আল্লাহর ইবাদত বন্দেগীতে মশগুল থেকে মানব সৃষ্টির উদ্দেশ্য পূরণ করতে পারে।

এখানে বিষয়টা এমনই ছিল। তাইতো আল্লাহ তায়ালা বিপদমুক্ত পথে বিজয়দানের সুযোগ থাকার পরেও জিহাদের খুনরাঙা পথেই বিজয় দেয়াকে বেছে নিয়েছেন। শুধু তাই নয়, ইসলামে নব দীক্ষিত মুসলমানের হিনমন্যতার কারণে সাবধান বাণী উচ্চারণ করে আয়াত নাযিল করলেন,

كَمَآ اَخۡرَجَكَ رَبُّكَ مِنۡۢ بَيۡتِكَ بِالۡحَقِّ ۪ وَاِنَّ فَرِيۡقًا مِّنَ الۡمُؤۡمِنِيۡنَ لَكٰرِهُوۡنَ ۝

يُجَادِلُوۡنَكَ فِى الۡحَقِّ بَعۡدَ مَا تَبَيَّنَ كَاَنَّمَا يُسَاقُوۡنَ اِلَى الۡمَوۡتِ وَهُمۡ يَنۡظُرُوۡنَ ۝

অর্থ. যে রূপে তোমার প্রতিপালক তোমাকে গৃহ হতে বের করলেন ন্যায় ও অধিকারের জন্য, অথচ ঈমানদারদের একটি দল তাতে সম্মত ছিলনা। তারা তোমার সাথে বিবাদ করেছিল সত্য ও ন্যায় বিষয়ে তা প্রকাশিত হওয়ার পর। যেন কেউ তাদেরকে মৃত্যুর দিকে হাকিয়ে নিয়ে যাচ্ছে। আর তারা তা প্রত্যাখ্যান করছে। [সূরা আনফাল-৫-৬]

মুসলিম উম্মাহ আল্লাহর বিধান পালনার্থে কেয়ামত পর্যন্ত দ্বীন কীভাবে প্রতিষ্ঠা করবে, সে ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন,

عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ لَنْ يَبْرَحَ هَذَا الدِّينُ قَائِمًا يُقَاتِلُ عَلَيْهِ عِصَابَةٌ مِنَ الْمُسْلِمِينَ حَتَّى تَقُومَ السَّاعَةُ

অর্থ. কিয়ামত পর্যন্ত সর্বদা মুসলিমদের ক্ষুদ্র একটি দল দ্বীন প্রতিষ্ঠার জন্য যুদ্ধ চালিয়ে যাবে। [সহীহ মুসলিম-৩৫৪৬]

لَا تَزَالُ عِصَابَةٌ مِنْ أُمَّتِي يُقَاتِلُونَ عَلَى أَمْرِ اللهِ قَاهِرِينَ لِعَدُوِّهِمْ لَا يَضُرُّهُمْ مَنْ خَالَفَهُمْ حَتَّى تَأْتِيَهُمُ السَّاعَةُ وَهُمْ عَلَى ذَلِكَ

অর্থ. আমার উম্মতের ক্ষুদ্র একটি দল আল্লাহর বিধান প্রতিষ্ঠার জন্য লড়াই করে যাবে। তারা স্বীয় শত্রুদের বিরুদ্ধে কঠোর হবে। তাদের বিরোধীরা তাদের কোন ক্ষতি করতে পারবেনা। এমনকি কিয়ামত আসার আগ পর্যন্ত। [সহীহ মুসলিম হাদীস নং-৩৫৫০]

উপরোক্ত বর্ণনা দ্বারা প্রতীয়মান হয় যে, আল্লাহর বিধান দ্বীন প্রতিষ্ঠার একমাত্র পদ্ধতি হলো কিতাল ফী সাবীলিল্লাহ। মুসলিম উম্মাহর বর্তমান অবস্থা খুবই দুঃখজনক হলেও সত্য যে, দ্বীন প্রতিষ্ঠার ক্ষেত্রে আল্লাহর দেয়া পদ্ধতি বাদ দিয়ে আজ দেশে গণতন্ত্র, মিছিল, মিটিং, জিহাদ বিমুখ দাওয়াত প্রভৃতির মাধ্যমে দ্বীন প্রতিষ্ঠার চেষ্টা চলছে। এবং কিতালের পথে না এসে চেষ্টা না করে শুধু বিপদের আশংকায় কুরআন বহির্ভুত পদ্ধতিকেই কল্যাণকর ও নিরাপদ মনে করে গ্রহণ করা হচ্ছে। আর একে হিকমাহ নামে অভিহিত করা হচ্ছে।

অথচ বিষয়টি দিবালোকের ন্যায় স্পষ্ট যে, দ্বীন প্রতিষ্ঠা যেমন আল্লাহ তায়ালার বিধান আর এই বিধান পালনের পদ্ধতিও আল্লাহ তায়ালার পসন্দনীয় ও মনোনিত হতে হবে। যার যার সুবিধা মতো হলে হবেনা। সুতরাং কুরআন সুন্নাহ বহির্ভূত পদ্ধতি কখনোই হিকমাহ হতে পারেনা। এর নাম হলো আল্লাহর দেয়া পদ্ধতির উপেক্ষা করা, অপছন্দ করার দুঃসাহস দেখানো।

আল্লাহ ভাল করেই জানেন কোন পদ্ধতি অবলম্বন করলে দ্বীন প্রতিষ্ঠা হবে। মানুষের কল্যাণ হবে, সকল ফিতনার অবসান ঘটবে, মানুষ শান্তিতে জীবন যাপন করবে, সে পদ্ধতিই তিনি দিয়েছেন। এখন আল্লাহর দেয়া পদ্ধতি বাদ দিয়ে কেউ যদি বিকল্প কোন পদ্ধতি গ্রহণ করে, তাহলে তা হবে নিজেদের আল্লাহর চেয়ে বেশি বিজ্ঞ মনে করার শামিল। মানুষের কল্যাণ অকল্যাণের ক্ষেত্রে নিজেদের শ্রেষ্ঠত্ব প্রমাণ করা।

সকল ক্ষেত্রেই মানুষের বিধানদাতা হলেন একমাত্র আল্লাহ তায়ালা। তার দেয়া কোন একটি বিধানকে বাদ দিয়ে নতুন কোন বিধান বেছে নেয়ার অধিকার আল্লাহ তায়ালা কাউকে প্রদান করেন নি। আল্লাহর দেয়া বিধানকে অকল্যাণকর মনে করে অন্য বিধান গ্রহণ করা হিকমাহ হতে পারেনা। বরং তা শিরকের অন্তর্ভূক্ত হবে। তিনি কাউকে নিজ কর্তৃত্বে শরীক করেন না।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

وَّلَا يُشۡرِكُ فِيۡ حُكۡمِهٖۤ اَحَدًا ۝

অর্থ. তিনি কাউকে নিজ কর্তৃত্বে শরীক করেন না । [সূরা কাহফ-২৬]

ব্যাপারটি চিন্তার ঝড়ো হাওয়ায় মনকে নাড়া দেয়ার মতো হলেও মৃদু বাতাসও বহেনা যে, নামায রোযা যেমন প্রকাশ্যে আদায় করতে বাঁধা আসলে তা বাদ দেয়া যাবেনা । বরং গোপনে বা একাকী হলেও এ ফরজ আদায় করতে হবে । তদ্রুপ দ্বীন প্রতিষ্ঠার পদ্ধতি জিহাদের আমলে বাঁধা আসলে তা প্রকাশ্যে না করতে পারলে গোপনে হলেও এ ফরজ আদায় করতে হবে । বিপদাপদের কারণে নামায রোযা বাদ দেয়াকে যেমন হিকমাহ বলা যাবেনা । তদ্রুপ জিহাদ ত্যাগ করাকেও হিকমাহ বলা যাবেনা ।

সালাতের একটি অর্থ হল দোয়া করা । এখন কেউ যদি বাধা বিঘ্নতা সৃষ্টির কারণে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যেভাবে সালাত পড়েছেন সে পদ্ধতি বাদ দিয়ে ঘরে বসে সকাল সন্ধা কয়ে ঘন্টা দোয়া করে আর বলে, আমি হিকমাহ অবলম্বন করে সালাত আদায় করেছি । এ নতুন পদ্ধতিতে সালাত আদায় হবেনা, একে হিকমাহও বলা যাবেনা । বরং একে পাগলামী বলে মানুষ হাসবে । তাকে আল্লাহর কাছে জবাব দিতে হবে ও শাস্তির সম্মুখীন হতে হবে ।

অনুরূপ কোন প্রকার চেষ্টা না করে বিপদাপদ আসতে পারে শুধু এ ধারণা করে যদি দ্বীন প্রতিষ্ঠার জন্য কিতালের পদ্ধতি বাদ দিয়ে বিকল্প পন্থা গ্রহণ করা হয় তাহলে কি কিতালের ফরজ আদায় হয়ে যাবে? এজন্য কি আল্লাহর কাছে জবাব দিতে হবেনা? মানুষ কিতালের পথকে অপছন্দ করবে কঠিন মনে করবে, বিপদের ভয়ে বিভিন্ন ব্যাখ্যা বিশ্লেষণ করে বিভিন্ন পদ্ধতি গ্রহণ করবে, এটা আল্লাহ তায়ালা ভাল করেই জানেন । তাইতো দেখা যায় সালাত সওম জাকাতের ব্যাখ্যা কুরআনে নেই, এগুলোর ব্যাখ্যা রয়েছে হাদীসের মধ্যে । যেমন, কোন ওয়াক্তে কত রাকাত সালাত আদায় করতে হবে, রোযা কীভাবে রাখতে হবে, হজ্জ পালন করতে হলে কী কী করতে হবে, যাকাত কীভাবে আদায় করতে হবে । কিন্তু কিতালের বিষয়টি কখন করবে, কার সাথে করবে, কতক্ষণ করবে, এমনকি শত্রুর কোথায় কোথায় আঘাত করতে হবে, লড়াইয়ের

সময় মানষিক অবস্থা কেমন হবে, তাও আল্লাহ তায়ালা কুরআনে বলে দিয়েছেন। অন্যান্য আমলের মত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবনীতে ব্যাখ্যা পাওয়ার পরেও আল্লাহ তায়ালা শুধুমাত্র জিহাদের ক্ষেত্রে এমন পূঙ্খানুপুঙ্খ ব্যাখ্যা দিয়েছেন।

অন্যান্য আমলে তেমন কষ্ট করতে হয়না। তাই মানুষ এসব নিয়ে এত সমস্যাবোধ করেনা। সহজেই গ্রহণ করে নেয়। কিন্তু জিহাদ করতে গেলে বিপদে পড়তে হয়, পরীক্ষার সম্মুখীন হতে হয়, কষ্ট করতে হয়, তাই একে সহজে গ্রহণ করেনা। অপছন্দ করবে, মনগড়া ব্যাখ্যা, ফতওয়া দিয়ে বিকল্প নিরাপদ পথ খুজবে। সেই বিভ্রান্ত পথকে কল্যাণকর মনে করবে। অন্যকে সেই পথে ডাকবে। তাই আল্লাহ তায়ালা নিজেই জিহাদের এমন পূঙ্খানুপুঙ্খ ব্যাখ্যা দিলেন, যাতে মানুষ জিহাদের সত্য সঠিক পথ সহজেই বুঝতে পারে।

দ্বীন প্রতিষ্ঠায় আল্লাহর দেয়া হিকমাহ

প্রথম হিকমাহ হলো.

মুমিনদেরকে কিতালের পথে উদ্বুদ্ধ করা। আল্লাহ তায়ালা বলেন,

يَاَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِيْنَ عَلَى الْقِتَالِ ؕ

অর্থ. হে নবী! আপনি মুমিনদেরকে জিহাদের প্রতি উদ্বুদ্ধ করুন।

[সূরা আনফাল-৬৫]

দ্বিতীয় হিকমাহ হলো.

জিহাদের প্রস্তুতি গ্রহণ করা।

আল্লাহ তা'আলার বাণী,

وَ اَعِدُّوْا لَهُمْ مَّا اسْتَطَعْتُمْ مِّنْ قُوَّةٍ وَّ مِنْ رِّبَاطِ الْخَيْلِ تُرْهِبُوْنَ بِهٖ عَدُوَّ اللّٰهِ وَ عَدُوَّكُمْ وَ اٰخَرِيْنَ مِنْ دُوْنِهِمْ ۚ لَا تَعْلَمُوْنَهُمْ ۚ اَللّٰهُ يَعْلَمُهُمْ ؕ

অর্থ. তোমরা কাফেরদের বিরুদ্ধে লড়াইয়ের জন্য যথাসাধ্য শক্তি অর্জন করো এবং সদা সজ্জিত অশ্ববাহিনী প্রস্তুত রাখো। যেন তোমরা আল্লাহর শত্রু ও তোমাদের শত্রুদের ভীত সন্ত্রস্ত রাখতে পার। এছাড়াও এমন শত্রুদেরকে যাদের ব্যাপারে তোমরা জাননা। কিন্তু আল্লাহ ঠিকই জানেন।

[সূরা আনফাল-৬০]

তৃতীয় হিকমাহ হলো.

যদি কেউ এ পথে না থাকে তবে একাই এ কাজ শুরু করা ও মানুষকে এ পথে ডাকতে থাকা। আল্লাহ তায়ালা বলেন,

فَقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۚ لَا تُكَلَّفُ اِلَّا نَفْسَكَ وَ حَرِّضِ الْمُؤْمِنِيْنَ ۚ

অর্থ. হে নবী! আপনি আল্লাহর রাস্তায় লড়াই করুন। আপনাকে কেবল আপনার নিজের ব্যাপারেই দায়িত্ব দেয়া হয়েছে। আর মুমিনদেরকে লড়াইয়ের প্রতি উদ্বুদ্ধ করতে থাকুন। [সূরা নিসা-৮৪]

চতুর্থ হিকমাহ হলো.

সকল ফিতনার অবসান হওয়ার আগ পর্যন্ত জিহাদ চালিয়ে যাওয়া। আল্লাহর বাণী,

وَ قَاتِلُوْهُمْ حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ وَّ يَكُوْنَ الدِّيْنُ كُلُّهٗ لِلّٰهِ ۚ فَاِنِ انْتَهَوْا فَاِنَّ اللّٰهَ بِمَا يَعْمَلُوْنَ بَصِيْرٌ ۝٣٩

অর্থ. তোমরা সদা তাদের বিরুদ্ধে লড়াই করতে থাক। যতক্ষণ না ফিতনার অবসান হয় এবং দ্বীন সম্পূর্ণরূপে আল্লাহর জন্য প্রতিষ্ঠা হয়। [সূরা আনফাল-৩৯]

এখানে একটি কথা লক্ষনীয় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও সাহাবায়ে কেরাম দশ বছরের স্বল্প সময়ে আল্লাহর দেয়া এসব হিকমাহ অবলম্বন করেই বারো লক্ষ বর্গমাইল ব্যাপী একটি বৃহত্তম ও সুশৃংখল ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করেছিলেন। বিশ্ববাসী দেখতে পেরেছে যে, নবীর দেখানো এসব হিকমাহ অবলম্বনের ফলে পৃথিবীটা কীভাবে পরিবর্তন হয়েছে। পূণ্য পাপের স্থান দখল করে, ন্যায় জুলুমের স্থান দখল করে ইসলামী রাজত্ব কায়েম হয়েছে। পৃথিবী শান্তির স্বর্গে পরিণত হয়েছে। রক্ত পিপাসু বন্য পশুর ন্যায় হিংস্র মানব জাতি ফেরেস্তার চেয়ে শ্রেষ্ঠ হয়ে আশরাফুল মাখলুকাত উপাধিতে ভূষিত হয়েছে। পথভ্রষ্ট মানুষ তাওহীদের সুধা পানে ধন্য হয়েছে।

বড় আশ্চর্যের বিষয় হল, এত বড় বিপ্লব সাধন লক্ষ লক্ষ মানুষ হত্যার পরে হওয়ার কথা ছিল। কিন্তু সেখানে শত্রু মিত্র সবাই মিলে মোট ১০১৮

জন মানুষ মৃত্যুবরণ করেছে। ২৫৯ জন স্বপক্ষের এবং ৭৫৯ জন বিপক্ষের লোক মারা গেছে।

নিফাকের পর্যালোচনা

দীর্ঘকাল থেকে মুসলিম উম্মাহ বিভিন্ন ধরনের ফেতনার স্বীকার হয়ে আসছে। এসব ফেতনা বাইরের ও ভিতরের। এসব ফেতনার কিছু প্রভাব পড়েছে ঈমানদারের আকীদা বিশ্বাসের উপর। কিছু পড়েছে তাদের আমলের উপর। কিছু ফিতনা তাদের প্রকাশ্য দেহকে প্রভাবান্বিত করেছে। আবার কিছু ফেতনা তাদের অন্তর জগতে হামলা চালিয়ে ভীরুতা, কৃপণতা, হিংসা-বিদ্বেষ ও সর্বপ্রকার গুনাহের আকাঙ্খা বৃদ্ধি করে দিয়েছে। যার ফলে ধীরে ধীরে মনোজগত থেকে অশ্লীলতা, নির্লজ্জতা, বেলেল্লাপনার প্রতি ঘৃণা দূর হয়ে যাচ্ছে। এখন আর এসব গুনাহকে খারপ বলে মনে হয়না। এমনকি তাওহীদ ও ইসলাম লুণ্ঠিত হতে দেখেও নিরবতা অবলম্বন করে চলেছে। এবং তারা নিজেদের ব্যাপারে এমন দৃঢ় প্রত্যয় নিয়ে বসে আছে যে, তারা ঈমানের সর্বোচ্চ চূড়ায় অবস্থান করেছে।

এমন চিন্তাধারার সম্ভাব্য কারণ হচ্ছে, আমাদের সমাজ দীর্ঘকাল থেকে মিষ্টি মিষ্টি ফজীলতের কথা শুনে শুনে সুগারের রোগীতে পরিণত হয়েছে। আমাদের সমাজে গুনাহ ও তার শাস্তির কথা, ধমকের কথা শোনানোর লোক খুবই কম। জাতির এই ক্রান্তিলগ্নে উল্যেখিত ফিতনার অন্যতম হলো নিফাকের ফিতনা।

ইতিহাসের এই নাজুকতম অধ্যায়ে সময়ের অপরিহার্য দাবি হলো, নিফাকের কদাচার উন্মোচন করা, যা দ্বীনের পোষাকে সজ্জিত হয়ে মানুষের হৃদয় রাজ্যে মর্যাদার চেয়ারে অধিষ্ঠিত হয়ে বনী আদমকে জান্নাতের পথ থেকে সরিয়ে জাহান্নামের পথে নিয়ে যাচ্ছে। সরলমনা মানুষেরা এদের প্রতারণার শিকার হয়ে ঈমান হারিয়ে নিজেদের মনোজগতে তাদের ভক্তি শ্রদ্ধার মন্দির বানিয়েছে। যাদের কথার সামনে কুরআন হাদীস সবই মূল্যহীন। তাদের এ গতিপথ রুদ্ধ করে সত্যের পথ পরিস্কার করে দিতে নিফাকের পর্দা উন্মোচন করা সময়ের দাবি।

আজ পুরো পৃথিবী দাজ্জালী ফিতনার আঁধারে নিমজ্জিত। এ সময়টি দাজ্জাল প্রকাশের পূর্বমুহুর্ত। হাদীসে এসেছে, দাজ্জাল আত্মপ্রকাশের

পূর্বমুহূর্তে পৃথিবীর মানুষ দুই তাবুতে বিভক্ত হয়ে পড়বে। একটি খালেস মুমিনদের, অপরটি খালেস মুনাফিকদের।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন-

سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ يَقُولُ كُنَّا قُعُودًا عِنْدَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَذَكَرَ الْفِتَنَ فَأَكْثَرَ فِي ذِكْرِهَا حَتَّى ذَكَرَ فِتْنَةَ الأَحْلاَسِ فَقَالَ قَائِلٌ يَا رَسُولَ اللَّهِ وَمَا فِتْنَةُ الأَحْلاَسِ قَالَ « هِيَ هَرَبٌ وَحَرْبٌ ثُمَّ فِتْنَةُ السَّرَّاءِ دَخَنُهَا مِنْ تَحْتِ قَدَمَيْ رَجُلٍ مِنْ أَهْلِ بَيْتِي يَزْعُمُ أَنَّهُ مِنِّي وَلَيْسَ مِنِّي وَإِنَّمَا أَوْلِيَائِيَ الْمُتَّقُونَ ثُمَّ يَصْطَلِحُ النَّاسُ عَلَى رَجُلٍ كَوَرِكٍ عَلَى ضِلَعٍ ثُمَّ فِتْنَةُ الدُّهَيْمَاءِ لاَ تَدَعُ أَحَدًا مِنْ هَذِهِ الأُمَّةِ إِلاَّ لَطَمَتْهُ لَطْمَةً فَإِذَا قِيلَ انْقَضَتْ تَمَادَتْ يُصْبِحُ الرَّجُلُ فِيهَا مُؤْمِنًا وَيُمْسِي كَافِرًا حَتَّى يَصِيرَ النَّاسُ إِلَى فُسْطَاطَيْنِ فُسْطَاطِ إِيمَانٍ لاَ نِفَاقَ فِيهِ وَفُسْطَاطِ نِفَاقٍ لاَ إِيمَانَ فِيهِ فَإِذَا كَانَ ذَاكُمْ فَانْتَظِرُوا الدَّجَّالَ مِنْ يَوْمِهِ أَوْ مِنْ غَدِهِ ».

অর্থ. মানুষেরা দুই তাবুতে ভাগ হয়ে যাবে। একটি ঈমানের তাবু যাতে নিফাক থাকবে না। অপরটি নিফাকের তাবু যাতে ঈমান থাকবে না। সুতরাং যখন তোমরা এমন পরিস্থিতির সম্মুখীন হবে, সেদিন বা তার পরেরদিন দাজ্জাল প্রকাশের জন্য অপেক্ষা করবে। [আবু দাউদ-পৃ. ৫৮২]

বাস্তবে মুনাফিকরা ইসলামের যতটা ক্ষতি করেছে, ইহুদী খৃষ্টান ও অন্যান্য ধর্মাবলম্বীরা মিলেও ততটা করতে পারেনি। আজ মুসলিমদের ভূমিগুলোতে ইহুদী খৃষ্টানদের আধিপত্য মুনাফিকদের কারণেই। মুসলিম দেশগুলোর ক্ষমতা ও সম্মানের চেয়ারে এমন মুনাফিকরা বসে আছে, যারা কথা তো আমাদের ভাষায়ই বলে। কিন্তু তাদের অন্তর আল্লাহ ও রাসূলের শত্রুদের সাথে মিশে আছে।

এসব মুনাফিকরা ইসলাম ও মুসলমানদেরকে শত্রুদের হাতে বিক্রি করে দেয় নিজেদের রাষ্ট্রক্ষমতা স্থায়িত্ব করার জন্য। সর্বক্ষেত্রে, সর্বস্থানে, মুসলিম উম্মাহকে লাঞ্ছিত করার দায়িত্ব তারা নিজেদের কাধে তুলে নিয়েছে। তারাই মুসলিমদের স্বাধীনতা, সম্মান, ঈমান, ঈমানী মূল্যবোধ, সামান্য অর্থের বিনিময়ে শত্রুর হাতে নিলাম করে দিয়ে কথা ও লেবাসে

ঈমানের রঙ লাগিয়ে আবেগী ঈমানদারদের বিবেকের দরজায় চক্রান্তের তালা লাগিয়ে ঈমান চুরি করে বিপথগামী করছে।

আল্লাহ তায়ালা কুরআনে এসব মুনাফিকদের অবস্থা অত্যন্ত খোলাখুলি বর্ণনা করেছেন। যেন তার খাঁটি বান্দারা তাদের চক্রান্তের কবল থেকে মুক্ত হয়ে সরলপথ চিনে তৃষ্ণার্ত আত্মার পিপাসা নিবারণ করতে পারে। অতএব প্রতিটি ঈমানদারের উচিত হলো, কুরআন হাদিসে বর্ণিত মুনাফিকদের গুণাবলী সম্পর্কে চিন্তা গবেষণা করা। আর এ চিন্তা জগতের মাটিকে উর্বর করতেই নিফাকের প্রকারভেদ ও মুনাফিকদের আলামত উল্যেখ করা হলো।

নিফাকের প্রকারভেদ

নিফাক দুই প্রকারঃ-

১) আমলগত নিফাক

২) আকীদাগত নিফাক

আমলগত নিফাকের চারটি আলামত হাদিসে উল্যেখ হয়েছে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন,

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَرْبَعٌ مَنْ كُنَّ فِيهِ كَانَ مُنَافِقًا خَالِصًا وَمَنْ كَانَتْ فِيهِ خَصْلَةٌ مِنْهُنَّ كَانَتْ فِيهِ خَصْلَةٌ مِنْ النِّفَاقِ حَتَّى يَدَعَهَا إِذَا اؤْتُمِنَ خَانَ وَإِذَا حَدَّثَ كَذَبَ وَإِذَا عَاهَدَ غَدَرَ وَإِذَا خَاصَمَ فَجَرَ

অর্থ. হযরত আব্দুল্লাহ ইবনে আমর রাযি. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, যার মাঝে চারটি গুণ থাকবে সে খালেস মুনাফিক। আর যার মাঝে চারটির কোন একটি থাকবে, তার মাঝে মুনাফিকের একটি স্বভাব রয়েছে। যতক্ষণ না তা পরিহার করবে। চারটি গুণ হলো, ১) আমানত রাখলে খেয়ানত করবে। ২) কথা বললে মিথ্যা বলবে। ৩) ওয়াদা করলে ভঙ্গ করবে। ৪) ঝগড়া করলে গালিগালাজ করবে। [বুখারী, মুসলিম]

আকীদাগত নিফাক হলো, যার আকীদা বিশ্বাস মূলত কুফরের উপর প্রতিষ্ঠিত। কিন্তু বাহ্যিকভাবে মুসলিম নাম ধারণ করে কিছু লোক দেখানো

আনুষ্ঠানিক ইবাদতে শরীক হলেও গোপনে দ্বীন প্রতিষ্ঠায় প্রতিবন্ধকতা সৃষ্টি করে। তাদের শাস্তি আবু জাহ্ল, উতবা, শাইবা ইত্যাদি বড় বড় কাফেরদের থেকেও বেশি হবে। আল্লাহ তায়ালা বলেন,

إِنَّ الْمُنٰفِقِيْنَ فِي الدَّرْكِ الْاَسْفَلِ مِنَ النَّارِ ۚ وَلَنْ تَجِدَ لَهُمْ نَصِيْرًا ۙ

অর্থ. নিশ্চয়ই মুনাফিকরা জাহান্নামের নিম্নস্তরে অবস্থান করবে।

[সূরা নিসা-১৪৫]

আমলগত নিফাকির কারণে মানুষ চিরস্থায়ী জাহান্নামী হবেনা। ঈমানের কারণে এক সময় জান্নাতে যাবে। কিন্তু আকীদাগত নিফাকের কারণে চিরস্থায়ী জাহান্নামী হয়ে জাহান্নামের নিম্নস্তরে অবস্থান করবে। অথচ অধিকাংশ আলেম, পীর, মাশায়েখ, কলম সৈনিক আমলগত নিফাকের বর্ণনায় মনোযোগী হলেও আকীদাগত নিফাকের বর্ণনা এড়িয়ে চলে। যার ফলে এই নিফাকীর ভয়াবহতা সম্পর্কে মানুষের অজ্ঞতার কারণে সেদিকেই ঝুকে পড়ার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। জাতির এ ক্রান্তিলগ্নে নিফাকের জলোচ্ছ্বাসে ভেসে যাওয়া মানুষগুলোর ঈমান রক্ষার্থে আকীদাগত নিফাকের আলামতগুলো ক্রমাণ্বয়ে উল্যেখ করা হলো,

১ নং আলামত

মুখে ঈমানী ও ইসলামী কথা বললেও তাতে বিশ্বাসী নয়।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

وَمِنَ النَّاسِ مَنْ يَّقُوْلُ اٰمَنَّا بِاللّٰهِ وَبِالْيَوْمِ الْاٰخِرِ وَمَا هُمْ بِمُؤْمِنِيْنَ ۘ

অর্থ. এবং মানুষের মধ্যে এমন কিছু লোক আছে যারা বলে আমরা আল্লাহর উপর ও বিচার দিবসের উপর ঈমান এনেছি। অথচ মোটেও তারা ঈমানদার নয়। [সুরা বাকার-৮]

وَيَحْلِفُوْنَ بِاللّٰهِ اِنَّهُمْ لَمِنْكُمْ ۗ وَمَا هُمْ مِّنْكُمْ وَلٰكِنَّهُمْ قَوْمٌ يَّفْرَقُوْنَ

অর্থ. এবং তারা (মুনাফিকরা) আল্লাহর কসম করে বলে যে, তারা তোমাদেরই অন্তর্ভুক্ত। অথচ তারা তোমাদের অন্তর্ভুক্ত নয়। বরং তারা হচ্ছে ভীতু সম্প্রদায়। [সুরা তাওবা-৫৬]

২ নং আলামত

মিষ্টি মিষ্টি কথা বলে ও অন্যের শক্তিতে চলে।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

وَ اِذَا رَاَيۡتَهُمۡ تُعۡجِبُكَ اَجۡسَامُهُمۡ ؕ وَ اِنۡ يَّقُوۡلُوۡا تَسۡمَعۡ لِقَوۡلِهِمۡ ؕ كَاَنَّهُمۡ خُشُبٌ مُّسَنَّدَةٌ ؕ يَحۡسَبُوۡنَ كُلَّ صَيۡحَةٍ عَلَيۡهِمۡ ؕ هُمُ الۡعَدُوُّ فَاحۡذَرۡهُمۡ ؕ قٰتَلَهُمُ اللّٰهُ ۫ اَنّٰى يُؤۡفَكُوۡنَ

অর্থ. আর আপনি যখন তাদেরকে দেখবেন, তখন তাদের দেহাকৃতি আপনার কাছে প্রীতিকর মনে হয়। তারা যদি কথা বলে, তবে আপনি তাদের কথা শ্রবণ করেন। তারা যেন প্রাচীরে ঠেকানো কাষ্ঠখন্ড। তারা যেকোন বড় আওয়াযকে নিজেদের বিরুদ্ধে মনে করে। তারাই শত্রু। অতএব তাদের সম্পর্কে সতর্ক হন। আল্লাহ তাদের ধ্বংস করুন। বিভ্রান্ত হয়ে তারা কোথায় চলছে। [সুরা মুনাফিকুন- ৪]

উল্যেখিত আয়াতে সত্য সন্ধানীদের জন্য গুরুত্বপূর্ণ ম্যাসেজ রয়েছে। আর তহলো একটি গাছ যতই বড় হোক না কেন, যখন মূল থেকে পৃথক হয়ে যায়, তখন নিজের রস কষ সজীবতা হারিয়ে দূর্বল হয়ে যায়। তখন আপন শক্তিতে নিজের অবস্থানে দাড়াতে পারেনা অন্যের উপর ভর করা ছাড়া। এমনিভাবে মুনাফিকরাও মূল (ঈমান) থেকে পৃথক হওয়ার কারণে প্রাণহীন দেহের মত দূর্বল থাকে। নিজের ক্ষমতাবলে দাড়াতে পারেনা। যার ফলে সমাজপতি ও ক্ষমতাশীলদের কাধে ভর করে চলে। তাদের আচলতলে অর্থাৎ নিরাপত্তায় থেকে আব্দুল্লাহ বিন উবাইয়ের উত্তরসূরী ফরীদুদ্দীন মাসুদের মত মিথ্যাকে সত্যের পোষাক পড়িয়ে রঙ রস লাগিয়ে মিষ্টি মিষ্টি রসালো গলাবাজি করে। আর রেডিও টেলিভিশন ও পত্রিকার ন্যায় প্রচার মাধ্যমগুলো বড় বড় সেমিনার বা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ সমাবেশে, সম্মেলনে তাদের বক্তৃতা হাইলাইট করে বেলুনের মত ফুলাতে থাকে। যার ফলে গণমানুষের দৃষ্টিতে অনেক বড় ও গ্রহণযোগ্য ব্যক্তিতে পরিণত হয়। অথচ মুসলিম জাতির জন্য তারাই বড় শত্রু ও প্রতারক।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন,

অর্থ. এই উম্মতের উপর আমার সর্বাপেক্ষা বেশি ভয় হয় সেই মুনাফিকের যে জিহ্বার আলেম হয়। অর্থাৎ মুখে ইলম প্রকাশ করলেও ঈমানের বিষয় থেকে দূরে থাকে। [বায়হকী-২/২৮৪]

৩ নং আলামত

কাফেরদেরকে বন্ধু বানায় ও তাদের কাছে সম্মান কামনা করে।

মহান আল্লাহ তায়ালা বলেন,

بَشِّرِ الْمُنٰفِقِيْنَ بِاَنَّ لَهُمْ عَذَابًا اَلِيْمَا ۟ۙالَّذِيْنَ يَتَّخِذُوْنَ الْكٰفِرِيْنَ اَوْلِيَآءَ مِنْ دُوْنِ الْمُؤْمِنِيْنَ ؕ اَيَبْتَغُوْنَ عِنْدَهُمُ الْعِزَّةَ فَاِنَّ الْعِزَّةَ لِلّٰهِ جَمِيْعًا ۟ؕ

অর্থ. আপনি যন্ত্রণাদায়ক শাস্তির সুসংবাদ শুনিয়ে দিন সেইসব মুনাফিকদের, যারা মুমিনদেরকে পরিত্যাগ করে কাফিরদের বন্ধুরূপে গ্রহণ করে। তারা কি কাফেরদের কাছে সম্মান প্রত্যাশা করে? অথচ সকল সম্মান শুধুমাত্র আল্লাহরই জন্য। [সুরা নিসা-১৩৮-১৩৯]

فَتَرَى الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ يُّسَارِعُوْنَ فِيْهِمْ يَقُوْلُوْنَ نَخْشٰۤى اَنْ تُصِيْبَنَا دَآئِرَةٌ ؕ فَعَسَى اللّٰهُ اَنْ يَّاْتِيَ بِالْفَتْحِ اَوْ اَمْرٍ مِّنْ عِنْدِهٖ فَيُصْبِحُوْا عَلٰى مَاۤ اَسَرُّوْا فِيْۤ اَنْفُسِهِمْ نٰدِمِيْنَ ۟ؕ

অর্থ. যাদের অন্তরে ব্যাধি রয়েছে তাদেরকে আপনি দেখবেন, তারা দৌড়ে কাফেরদের সাথে মিলিত হচ্ছে। তারা বলে, আমরা বিপদ আগমনের আশঙ্কা করি। হয়তো অচিরেই আল্লাহ তায়ালা মুসলমানদের বিজয় দান করবেন অথবা নিজের পক্ষ থেকে কোন নির্দেশ দিবেন। ফলে নিজেদের অন্তরে লুকানো মনোভাবের কারণে তারা লজ্জিত হবে।

[সুরা মায়েদা-৫২]

আল্লামা তবারী রহি. উক্ত আয়াতের তাফসীরে বলেন, এটা হচ্ছে মুনাফিকদের ব্যাপারে মুমিনদেরকে এ কথা অবহিত করা যে, তারা ইহুদী খৃষ্টানদের বন্ধু বানাত এবং মুমিনদের ধোকা দিত। আর বলতো, আমরা ভয় পাচ্ছি ইহুদী খৃষ্টানদের থেকে কোন বিপদ এসে পড়ার। তারা কাফেরদের কাছে গিয়ে শক্তি ও নিরাপত্তা কামনা করে। যেন তাদের পক্ষ থেকে কোন বিপদ না আসে। কারণ তারা যদি কাফেরদের সমর্থন সহযোগিতা না করে তাহলে তারা নারাজ হয়ে যাবে।

[তাফসীরে তবারী-১০/৪০৬]

৪ নং আলামত

জিহাদের ক্ষেত্রে অক্ষমতা প্রকাশ করে।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

وَ قِيْلَ لَهُمْ تَعَالَوْا قَاتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ اَوِ ادْفَعُوْا ؕ قَالُوْا لَوْ نَعْلَمُ قِتَالًا لَّا تَّبَعْنٰكُمْ ؕ هُمْ لِلْكُفْرِ يَوْمَئِذٍ اَقْرَبُ مِنْهُمْ لِلْاِيْمَانِ يَقُوْلُوْنَ بِاَفْوَاهِهِمْ مَّا لَيْسَ فِيْ قُلُوْبِهِمْ ؕ وَ اللّٰهُ اَعْلَمُ بِمَا يَكْتُمُوْنَ ﴿۱۶۷﴾

অর্থ. এবং তাদেরকে বলা হয়েছিল, এসো আল্লাহর পথে যুদ্ধ কর অথবা প্রতিরোধ কর। তারা বলেছিল, যদি আমরা যুদ্ধ হবে জানতাম, তাহলে তোমাদের অনুস্বরণ করতাম। তারা সেদিন ঈমানের চেয়ে কুফরের অধিক নিকটে ছিল। তাদের অন্তরে যা নেই মুখে তাই বলে থাকে। তারা যে বিষয় গোপন করে আল্লাহ তা ভাল করেই জানেন। [সূরা আলে ইমরান-১৬৭]

আল্লাহ তায়ালা আরো বলেন,

فَرِحَ الْمُخَلَّفُوْنَ بِمَقْعَدِهِمْ خِلٰفَ رَسُوْلِ اللّٰهِ وَ كَرِهُوْۤا اَنْ يُّجَاهِدُوْا بِاَمْوَالِهِمْ وَ اَنْفُسِهِمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَ قَالُوْا لَا تَنْفِرُوْا فِي الْحَرِّ ؕ قُلْ نَارُ جَهَنَّمَ اَشَدُّ حَرًّا ؕ لَوْ كَانُوْا يَفْقَهُوْنَ ﴿۸۱﴾

অর্থ. তাবুকের যুদ্ধে পেছনে থেকে যাওয়া লোকেরা রাসূলের সাথে যুদ্ধে না যাওয়াতে খুশি হয়েছিল। এবং জান মাল দিয়ে আল্লাহর রাহে জিহাদ করাকে অপছন্দ করেছে। তারা বলে, এই গরমে যুদ্ধে বের হয়োনা। আপনি বলুন, জাহান্নামের আগুন আরো তীব্র গরম। যদি তারা বুঝতো।
[সূরা তাওবা-৮১]

وَ مِنْهُمْ مَّنْ يَّقُوْلُ ائْذَنْ لِّيْ وَ لَا تَفْتِنِّيْ ؕ اَلَا فِي الْفِتْنَةِ سَقَطُوْا ؕ وَ اِنَّ جَهَنَّمَ لَمُحِيْطَةٌۢ بِالْكٰفِرِيْنَ

অর্থ. তাদের মধ্যে কেউ এমন আছে, যে বলে, আমাকে যুদ্ধে না যাওয়ার অনুমতি দিন। যুদ্ধে নিয়ে ফিতনায় ফেলবেন না। শুনে রাখ! তারা ফিতনায় পড়েই আছে। নিশ্চয়ই জাহান্নাম কাফেরদের বেষ্টনকারী।
[সূরা তাওবা-৪৯]

জাদ্দ বিন কায়েস নামক মুনাফিক জিহাদ থেকে অব্যহতি লাভের জন্য বাহানা হিসেবে ওজর পেশ করে বলল, ইয়া রাসূলাল্লাহ! আমার গোত্রের লোকেরা জানে যে, আমি নারী লোভী মানুষ। রোমানদের সাথে লড়তে

গেলে তাদের সুন্দরী নারীগুলো আমাকে মোহগ্রস্থ করে ফেলবে। সুতরাং আমাকে জিহাদে নিয়ে ফিতনায় ফেলবেন না। আল্লাহ তায়ালা এর জবাবে জানিয়ে দিলেন, এই নির্বোধ সম্ভাব্য এক আশঙ্কার বাহানায় নিশ্চিত মন্দের মাঝে লিপ্ত হলো। তাহলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অবাধ্যতা। জিহাদে না গিয়ে এখনি সে ফিতনায় পড়ে আছে।

যুগে যুগে মুনাফিকরা এভাবেই নানা অজুহাতে জিহাদ থেকে দূরে থাকতে চায়। জাদ্দ বিন কায়েসের ওজর বাহ্যিক যুক্তিসম্মত হওয়ার পরেও গ্রহণযোগ্য হয়নি। ওজর পেশ করার কারণে সেও আর মুমিন থাকতে পারেনি। অথচ আজ জিহাদের কঠোর বিরোধিতা করেও খাঁটি মুমিনের আসন দখল করে আছে কত মানুষ। ধিক্কার জাদ্দ বিন কায়েসের উত্তরসূরীদের!

৫ নং আলামত

তারা জিহাদ ও মুজাহিদদের নিয়ে উপহাস করে।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

وَ لَئِنْ سَاَلْتَهُمْ لَيَقُوْلُنَّ اِنَّمَا كُنَّا نَخُوْضُ وَ نَلْعَبُ ؕ قُلْ اَبِاللّٰهِ وَ اٰيٰتِهٖ وَ رَسُوْلِهٖ كُنْتُمْ تَسْتَهْزِءُوْنَ ۝٦٥ لَا تَعْتَذِرُوْا قَدْ كَفَرْتُمْ بَعْدَ اِيْمَانِكُمْ ؕ اِنْ نَّعْفُ عَنْ طَآئِفَةٍ مِّنْكُمْ نُعَذِّبْ طَآئِفَةًۢ بِاَنَّهُمْ كَانُوْا مُجْرِمِيْنَ ۝٦٦

অর্থ. আপনি যদি তাদের জিজ্ঞাসা করেন, তাহলে তারা বলবে, আমরা তো ক্রীড়া কৌতুক করেছি মাত্র। আপনি বলুন, তোমরা কি আল্লাহ, তাঁর আয়াত ও রাসূলকে নিয়ে ঠাট্টা করছ? ওজরখাহী করোনা। তোমরা ঈমানের পরে কুফরী করেছ। [তাওবা-৬৫-৬৬]

আল্লামা তাবারী রহি. উক্ত আয়াতের তাফসীরে বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাবুক যুদ্ধে যাচ্ছিলেন। সাথে কিছু মুনাফিকও ছিল। তারা পরস্পর বলাবলি করছিল, দেখ! এই লোক (মুহাম্মাদ) শাম দেশের মহল, বালাখানা, কেল্লা বিজয়ের স্বপ্ন দেখছে। তাদের কথোপকথন ওহীর মাধ্যমে নবীকে জানানো হলো। তিনি মুনাফিকদের জিজ্ঞাসা করলেন, তোমরা কি এসব কথা বলাবলি করেছ? তারা বললো, আমরা তো এমনিতেই হাসি ঠাট্টা করেছি।

আল্লাহ তায়ালা অপর আয়াতে বলেন,

إِذْ يَقُولُ الْمُنٰفِقُوْنَ وَالَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ غَرَّ هٰٓؤُلَآءِ دِيْنُهُمْ ؕ وَمَنْ يَّتَوَكَّلْ

عَلَى اللّٰهِ فَاِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٤٩﴾

অর্থ. যখন মুনাফিকরা এবং অন্তর ব্যাধিসম্পন্ন লোকেরা বলতে লাগল, তাদের দ্বীন তাদেরকে প্রতারিত করেছে। যারা আল্লাহর প্রতি তাওয়াক্কুল করে তাদের জন্য আল্লাহ তায়ালা মহা পরাক্রমশালী ও প্রজ্ঞাময়।

[আনফাল-৪৯]

আল্লামা তাবারী উক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন, বদর যুদ্ধের দিন মক্কার মুনাফিকরা মুশরিকদের সাথে এসেছিল। যখন তারা মুশরিকদের সৈন্য ও অস্ত্রের আধিক্য দেখে ও মুসলিমদের সৈন্য ও অস্ত্রের স্বল্পতা দেখে, তখন তিরস্কার করে বলাবলি শুরু করল, মুষ্ঠিমেয় এই দূর্বল মুসলিমরা শক্তিশালী কাফিরদের বিশাল বাহিনীর বিরুদ্ধে লড়তে এসেছে। তাদেরকে তাদের দ্বীনই এই প্রতারণায় ফেলে মৃত্যুর মুখে এনে দাড় করিয়েছে। মদিনার মুনাফিকরাও পিছন থেকে এমনই আলোচনা করছিল। আল্লাহ তায়ালা তাদের উত্তরে বলেন, যে লোক আল্লাহর উপর পূর্ণ ভরসা করে, নিশ্চয়ই আল্লাহ তার ব্যাপারে পরাক্রমশালী ও কৌশলী।

[তাফসীরে তবারী-১৩/১২]

মর্মার্থ এই যে, তারা শুধু বস্তু ও বস্তু জগত সম্পর্কেই অবগত এবং তারই উপর নির্ভর করেছে। কিন্তু সেই গোপন শক্তি সম্পর্কে তাদের কোন খবরই নেই, যিনি বস্তু ও বস্তু জগতের স্রষ্টা! আজকের দিনের মুনাফিকরাও রাসূলের যুগের মুনাফিকদের মত জিহাদ ও মুজাহিদদের নিয়ে হাসি ঠাট্টা, উপহাস করে বলছে, জঙ্গী ও জঙ্গীবাদ, কম্বল মুজাহিদ, কুতুবুল জিহাদ, ধর্মান্ধ, সেকেলে। দেখ! এদের না আছে সৈন্য, না আছে অস্ত্র। এরা নাকি দিল্লি, ওয়শিংটন, ইস্রাঈল দখলের স্বপ্ন দেখে।

<u>৬ নং আলামত</u>

জিহাদের আলোচনায় ভীত সন্ত্রস্ত হওয়া। আল্লাহ তায়ালা বলেন,

فَلَمَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ اِذَا فَرِيْقٌ مِّنْهُمْ يَخْشَوْنَ النَّاسَ كَخَشْيَةِ اللّٰهِ اَوْ

اَشَدَّ خَشْيَةً ۚ وَقَالُوْا رَبَّنَا لِمَ كَتَبْتَ عَلَيْنَا الْقِتَالَ ۚ لَوْلَآ اَخَّرْتَنَآ اِلٰٓى اَجَلٍ قَرِيْبٍ ؕ

قُلْ مَتَاعُ الدُّنْيَا قَلِيْلٌ ۚ وَالْاٰخِرَةُ خَيْرٌ لِّمَنِ اتَّقٰى ۗ وَلَا تُظْلَمُوْنَ فَتِيْلًا ﴿٧٧﴾

অর্থ. অতপর যখন তাদেরকে জিহাদের বিধান দেয়া হলো, তখন তারা মানুষকে এমন ভয় করতে লাগল যেভাবে আল্লাহকে ভয় করা হয়। কিংবা এর চেয়েও বেশী ভয় পেতে লাগল। আর বলতে লাগল, হে রব! কেন আমাদের উপর জিহাদ ফরজ করলে? কেন আর কিছুকাল অবকাশ দিলেনা? [সূরা নিসা-৭৭]

আল্লামা তবারী রহি. উক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন, জিহাদ ফরজ হওয়ার আগে মুসলিমদের একটি দল জিহাদ ফরজ হওয়ার আবেদন করেছিল। কিন্তু যখন ফরজ করা হল, তখন তাদের মধ্যে মুনাফিকরা কাফেরদের সাথে যুদ্ধ করতে ভয় পেতে লাগল। কেননা যুদ্ধে গেলে যেকোন মুহূর্তে বিপদ আসতে পারে। মৃত্যু হতে পারে। অথচ দুনিয়ার আরাম আয়েশ, ভোগ বিলাস কিছুইতো হলোনা। তাই তারা জিহাদ ফরজ হওয়ায় আপত্তি করে। [তাফসীরে তবারী]

আল্লাহ তায়ালা আরো বলেন,

فَاِذَاۤ اُنۡزِلَتۡ سُوۡرَۃٌ مُّحۡکَمَۃٌ وَّ ذُکِرَ فِیۡهَا الۡقِتَالُ ۙ رَاَیۡتَ الَّذِیۡنَ فِیۡ قُلُوۡبِهِمۡ مَّرَضٌ یَّنۡظُرُوۡنَ اِلَیۡکَ نَظَرَ الۡمَغۡشِیِّ عَلَیۡهِ مِنَ الۡمَوۡتِ ؕ فَاَوۡلٰی لَهُمۡ ﴿۲۰﴾

অর্থ. অতপর যখন সুস্পষ্ট মর্মে কোন সূরা নাযিল হয়, এবং তাতে জিহাদের কথা উল্যেখ করা হয়, তুমি দেখবে ব্যাধিগ্রস্থ অন্তর বিশিষ্ট লোকেরা মৃত্যুভয়ে মূর্ছাপ্রাপ্ত মানুষের মত তোমাদের দিকে তাকিয়ে আছে। [সূরা মুহাম্মাদ-২০]

আল্লামা তবারী রহি. উক্ত আয়াতের তাফসীরে লিখেন, প্রত্যেক এমন সূরা যাতে জিহাদের আলোচনা আছে, তাই মুহকাম (সুস্পষ্ট নির্দেশ সম্বলিত)। সমগ্র কুরআনে জিহাদের নির্দেশ সম্বলিত সুরাগুলোই মুনাফিকদের জন্য অত্যন্ত কঠিন। প্রত্যেক মুমিনের জন্য আবশ্যক হলো, নিজের অবস্থা যাচাই করা যে, কুরআনুল কারীম যেগুলোকে মুনাফিকদের নিদর্শন বলে, সেগুলো থেকে কোনোটি আমার অন্তরে সংক্রমিত হয়নি তো? ভেবে দেখুন, জিহাদের কথা শুনে আপনার অবস্থাও মুনাফিকদের মত হয় কিনা? [তাবারী-২২/১৭৫]

৭ নং আলামত

তারা অসৎ কর্মের নির্দেশ দেয় ও সৎ কর্ম হতে নিষেধ করে।

আল্লাহ তায়ালা বলেন,

اَلْمُنٰفِقُوْنَ وَ الْمُنٰفِقٰتُ بَعْضُهُمْ مِّنْۢ بَعْضٍ ۘ يَأْمُرُوْنَ بِالْمُنْكَرِ وَ يَنْهَوْنَ عَنِ الْمَعْرُوْفِ وَيَقْبِضُوْنَ اَيْدِيَهُمْ ؕ نَسُوا اللّٰهَ فَنَسِيَهُمْ ؕ اِنَّ الْمُنٰفِقِيْنَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٦٧﴾

মুনাফিক নর-নারী সবার গতিবিধি একই রকম। তারা অসৎ কর্মের নির্দেশ দেয় ও সৎকর্ম থেকে বাঁধা দেয়। নিজেদেরকে সৎকর্ম থেকে গুটিয়ে রাখে। তারা আল্লাহকে ভুলে গেছে। সুতরাং তিনিও তাদের ভুলে গেছেন। নিশ্চয় মুনাফিকরা নাফরমান। [সূরা তাওবা-৬৭]

ইমাম করতুবী রহি. বলেন, অসৎ কর্মের নির্দেশ ও সৎকর্মে বাধা প্রদান ও নিজেকে তা থেকে গুটিয়ে রাখার অর্থ হলো জিহাদ বর্জন। স্বতঃস্ফূর্তভাবে জিহাদে অংশগৃহণ না করা। কারণ উপরে জিহাদ সম্পর্কে আলোচনা চলছিল। [তাফসীরে কুরতুবী-৮/১৯৯]

জিহাদ এমন এক ইবাদত, যা মুনাফিকদের চরিত্রকে উন্মোচন করে দেয়। হক ও বাতিল পার্থক্য করে দেয়। এ জিহাদই প্রকৃত ও নিষ্ঠাবান মুমিন এবং ধোকাবাজ ও রিয়াকার মুনাফিকের মাঝে ফরক করে দেয়। জিহাদই হলো সঠিক নিরূপক যন্ত্র। জিহাদ দ্বারাই চিন্হিত হয়ে যায় কে প্রকৃত মুমিন আর কে মুনাফিক। এ কারণেই আল্লাহ তায়ালা সর্বদা জিহাদের সাথে তাকওয়া নিষ্ঠা ও সত্যবাদিতার আলোচনা করেছেন। যেমন, এক আয়াতে আছে,

اِنَّمَا الْمُؤْمِنُوْنَ الَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَ رَسُوْلِهٖ ثُمَّ لَمْ يَرْتَابُوْا وَ جٰهَدُوْا بِاَمْوَالِهِمْ وَ اَنْفُسِهِمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ؕ اُولٰٓئِكَ هُمُ الصّٰدِقُوْنَ

অর্থ. মুমিন তো তারাই যারা আল্লাহ ও রাসূলে বিশ্বাসী হয়। অতপর এতে কোন সন্দেহ রাখেনা। তারা নিজেদের জান ও মাল দ্বারা আল্লাহর পথে জিহাদ করে। এরাই সত্যবাদী। [সূরা হুজুরাত-১৫]

অপর এক আয়াতে বলেন,

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَ كُوْنُوْا مَعَ الصّٰدِقِيْنَ ﴿١١٩﴾

অর্থ. হে ঈমানদ্বারগণ! তোমরা আল্লাহকে ভয় কর এবং সত্যবাদীদের সাথে থাক। [সূরা তাওবা-১১৯]

আমি সূরা তাওবা, আনফাল, মুহাম্মাদ, মায়েদাসহ কুরআনের অনেক স্থান অধ্যয়ন করে দেখেছি, তাতে অনেক ক্ষেত্রে জিহাদের প্রতি উৎসাহ প্রদানের সাথে সাথে অনেক বেশী তাকওয়ার আলোচনা করা হয়েছে। কারণ, জিহাদ তাকওয়ার ভিত্তি ছাড়া চলতে পারেনা। আর মুনাফিকরা হলো বিশৃঙ্খলা সৃষ্টিকারী, লোভী। দুনিয়ার স্বার্থ অর্জনের লক্ষ্যে এক পা দু পা চলবে। কিন্তু যখন গুলি আসতে থকবে, বোমা বিস্ফোরিত হবে, কামানের গোলায় চারদিক কেঁপে উঠবে, সবদিকে ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে যাবে, তখন তারা বিভিন্ন ওজর পেশ করে মুজাহিদদের একা ফেলে রণাঙ্গন থেকে পালিয়ে যাবে।

৮ নং আলামত

তারা আল্লাহর পথ (জিহাদ) থেকে বাঁধা দেয়।

মহান আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

اِتَّخَذُوْٓا اَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ اِنَّهُمْ سَآءَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ

অর্থ. তারা তাদের শপথগুলোকে ঢালস্বরূপ ব্যবহার করে। অতপর তারা আল্লাহর পথ হতে বাধা দেয়। তারা যা করছে তা খুবই মন্দ।

[মুনাফিকুন-২]

ইমাম কুরতুবী রহি. বলেন, মুনাফিকরা মুমিনদেরকে জিহাদের পথ থেকে দূরে রাখতে চায়। আর মুশরিকদেরকে ইসলামে প্রবেশ করা থেকে দূরে রাখে। [তাফসীরে কুরতুবী-১৮/১২৮]

অনেকে নিজেকে আলেম, মুফতি, মুর্শিদ, মুজাহিদ বলে জাহির করে মানুষকে জিহাদের ময়দান থেকে এই বলে দূরে রাখে যে, তুমি কোথায় জিহাদ করবে? এখন তো জিহাদের পরিবেশ নেই। এখন নিরব থাকাটাই ইসলাম ও মুসলমানদের জন্য বেশী উপকারী। অথবা বলে, জিহাদ কি একা একাই করবে? কাদের সাথে মিলে জিহাদ করবে? বর্তমানে যারা জিহাদ করছে, তারা তো নিজেদের মধ্যেই ইসলাম প্রতিষ্ঠা করতে পারেনি। তারা দাড়ি মুন্ডায়, টাখনুর নিচে কাপড় পড়ে। ইসলামের মেজায বুঝেনা। তাদের সাথে গেলে ঈমানটাই হারাবে। এভাবে তারা মানুষকে আল্লাহর পথ হতে বাঁধা দিয়ে নিজেরা ঈমানহারা হচ্ছে। এটা তারা অনুধাবনও করতে পারছেনা। আল্লাহ তায়ালা বলেন,

رَضُوْا بِاَنْ يَّكُوْنُوْا مَعَ الْخَوَالِفِ وَطُبِعَ عَلٰى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُوْنَ ﴿٨٧﴾

অর্থ. তারা পশ্চাতে থাকা লোকদের সাথে থাকতেই পছন্দ করেছে। ফলে তাদের অন্তরে মোহর মেরে দেয়া হয়েছে। তাই তারা বুঝেনা। [সূরা তাওবা-৮৭]

একদা হযরত আলী রাযি. এ ধরণের এক ব্যক্তিকে বললেন, হে লোক! তুমি সত্যকে অর্জন কর, তাহলে সত্যাশ্রয়ীদের চিনতে পারবে। লোক দেখে হক চিনা যায়না। বরং হক বিষয়টি জান, তাহলে হক্কানী লোক চিনতে পারবে।

মনে রাখবে, যথার্থ জিহাদের পথে বাঁধা দেয়া, আর রমাদান মাসে কাউকে রোযা রাখতে বাধা দেয়া একই কথা। এ দুয়ের মাঝে কোন তফাৎ নেই। কাউকে এই কথা বলা যে, তুমি রোযা রেখ না। কারণ, ভবিষ্যতে তা তোমার স্বাস্থ্যের জন্য ক্ষতির কারণ হবে। আর এই কথা বলা যে, তুমি ছাত্র মানুষ। সুতরাং জিহাদের কোন কর্মকান্ডে যেয়োনা। তাহলে তোমার ভবিষ্যত নষ্ট হবে। গোয়েন্দা বাহিনীর নজরে পড়লে জীবনও ধ্বংস হবে। এই দুই কথার মাঝেও পার্থক্য নেই।

আল্লাহর পথে বাধা সৃষ্টিকারী ব্যাধিগ্রস্থ এসব লোকের ব্যাপারে আল্লাহ তায়ালা বলেন,

اَلَّذِيْنَ كَفَرُوْا وَصَدُّوْا عَنْ سَبِيْلِ اللّٰهِ اَضَلَّ اَعْمَالَهُمْ

অর্থ. যারা কুফরী করে এবং আল্লাহর পথে বাধা সৃষ্টি করে, আল্লাহ তাদের সকল আমল বরবাদ করে দিবেন। [সূরা ক্বিতাল-১]

এখানে আল্লাহর পথে বাঁধা সৃষ্টি করাকে কুফরীর সমপর্যয়ের কাজ হিসেবে উল্যেখ করা হয়েছে। আর জিহাদ থেকে বাঁধা দেয়াও আল্লাহর পথে বাঁধা দেয়ার শামিল। এই লোকগুলো অনুধাবনও করতে পারছেনা যে, তারা আল্লাহর পথে বাঁধা দানকারী হিসেবে গণ্য হয়ে যাচ্ছে।

এর কারণ হল, নিফাকীর কারণে তাদের কলব মরে গেছে। মোহরাঙ্কিত হয়ে গেছে। আর কলব মরে গেলে, মোহরাঙ্কিত হলে অনুভূতি, আত্মমর্যাদাবোধ কিছুই থাকেনা। আত্মমর্যাদাবোধই হলো প্রতিরোধ শক্তি। আত্মমর্যাদাবোধ না থাকলে শরীর প্রতিরোধ শক্তি সৃষ্টি করতে পারেনা। বাতিলের বিরুদ্ধে হুঙ্কার দিয়ে ঝাপিয়ে পড়তে পারেনা।

সুতরাং যারা আত্মমর্যাদাবোধই হারিয়ে ফেলেছে, তারা এইডস্ আক্রান্ত রোগীর মত। এইডস্ আক্রান্ত ব্যক্তি যেমন প্রতিরোধ শক্তি হারিয়ে ফেলে, ফলে নানা রোগ ব্যাধি দেখা দেয়। আত্মমর্যাদাবোধহীন ব্যক্তিও প্রতিরোধ ক্ষমতা হারিয়ে জিহাদে অংশ গ্রহণ করতে পারেনা। ফলে নানা রকম (নিফাক, সংশয়, সন্দেহ) রোগ ব্যাধিতে আক্রান্ত হয়।

৯ নং আলামত

তারা জিহাদের পথে অর্থ ব্যয়ে কৃপণতা করে ও অপছন্দ করে।

আল্লাহ তায়ালা বলেন,

وَ مِنَ الْاَعْرَابِ مَنْ يَّتَّخِذُ مَا يُنْفِقُ مَغْرَمًا وَّ يَتَرَبَّصُ بِكُمُ الدَّوَآئِرَ ؕ عَلَيْهِمْ دَآئِرَةُ السَّوْءِ ؕ وَ اللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿۹۸﴾

আর বেদুঈনদের মধ্য থেকে এমন লোকও রয়েছে, তারা যা কিছু ব্যয় করে তা জরিমানা মনে করে। এবং তোমাদের উপর কোন দুর্দিন আসে কিনা সেই অপেক্ষায় থাকে। [সূরা তাওবা-৯৮]

فَلَمَّاۤ اٰتٰىهُمْ مِّنْ فَضْلِهٖ بَخِلُوْا بِهٖ وَ تَوَلَّوْا وَّ هُمْ مُّعْرِضُوْنَ ﴿۷۶﴾

অর্থ. অতপর আল্লাহ তায়ালা যখন নিজ অনুগ্রহে তাদেরকে প্রচুর সম্পদ দান করলেন, তখন তারা তা ব্যয় করতে কার্পণ্য করেছে এবং কৃত ওয়াদা থেকে ফিরে গেছে। [সূরা তাওবা-৭৬]

وَ لَا يُنْفِقُوْنَ اِلَّا وَ هُمْ كٰرِهُوْنَ

অর্থ. তারা আল্লাহর পথে দান করে, তবে অপছন্দ করে। [তাওবা-৫৪]

১০ নং আলামত

তারা আল্লাহ ও রাসূলের বিচার ব্যবস্থার পরিবর্তে মানব রচিত বিচার ব্যবস্থা গ্রহণ করে।

আল্লাহ তায়ালা বলেন,

وَ اِذَا قِيْلَ لَهُمْ تَعَالَوْا اِلٰى مَاۤ اَنْزَلَ اللّٰهُ وَ اِلَى الرَّسُوْلِ رَاَيْتَ الْمُنٰفِقِيْنَ يَصُدُّوْنَ عَنْكَ صُدُوْدًا ﴿۶۱﴾

অর্থ. আর যখন তাদেরকে বলা হয়, আল্লাহ যা অবতীর্ণ করেছেন তার দিকে ও রাসূলের দিকে আসো। তখন তুমি মুনাফিকদের দেখবে, তারা সম্পূর্ণরূপে তোমার থেকে দূরে সরে যাচ্ছে। [সূরা নিসা-৬১]

উক্ত আয়াতের তাফসীরে ইমাম তবারী রহি. বলেন, যখন মুনাফিকদের বলা হয়, তোমরা মানব রচিত বিচার ব্যবস্থা বর্জন কর। আল্লাহ ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিচার ব্যবস্থা, যা আসমান থেকে অবতীর্ণ হয়েছে খেলাফত পদ্ধতি হিসেবে, তা গ্রহণ কর। তখন তারা নিজেরাও তা বর্জন করে, এবং অন্যদেরকেও বর্জন করতে বাধ্য করে।

[তাফসীরে তবারী-৮/৫১৩]

আল্লাহ তায়ালা আমাদেরকে ঈমানদ্বারদের গুণাবলী অর্জন করে খাঁটি মুমিন হওয়ার, এবং মুনাফিকদের গুণাবলী বর্জন করে একনিষ্ঠ হওয়ার তাওফীক দান করুন। আমীন।।